জন্য পর্যাপ্ত সময় না পাওয়া। যদিও খেলোয়াড়দের ব্রাজিলে যাওয়ার খরচ মেটাতে ফিফা সাহায্য করার প্রতিশ্রুতি দিয়েছিলো এবং কলকাতাতে তহবিল সংগ্রহের জন্য একটি ক্যাম্পেইন এর আয়োজন করা হয়েছিলো। শৈলেন মান্না, যার কিনা ১৯৫০ বিশ্বকাপে ভারতকে নেতৃত্ব দেওয়ার কথা ছিলো, বলেন যে সর্বভারতীয় ফুটবল ফেডারেশন (এআইএফএফ) অলিম্পিকস কে যেরকম গুরুত্বের সাথে দেখতো বিশ্বকাপকে সেরকম গুরুত্বের সাথে নেয়নি। শৈলেন মান্নার বক্তব্য থেকে বুঝা যাচ্ছে যে তৎকালীন সময়ে অলিম্পিকস এর চেয়ে বিশ্বকাপ ফুটবলের আবেদনটা কম ছিলো ভারতের ফুটবল ফেডারেশনের কাছে। তাই তারা বিভিন্ন কারণ দেখিয়ে ব্রাজিল বিশ্বকাপে অংশগ্রহণ করেনি এবং খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ার তত্ত্বটি আস্তে আস্তে জনপ্রিয় হয়ে উঠে। মূলত, ভারতীয় খেলোয়াড়রা বুট পায়ে না পরে খেলতে বেশি স্বাচ্ছন্দ্য বোধ করতেন।

অতএব, এ বিষয়টি স্পষ্ট যে খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ায় ভারত ১৯৫০ বিশ্বকাপে অংশগ্রহণ করেনি - এই দাবিটি সঠিক নয় এবং এর পক্ষে দুটি যুক্তি উপস্থাপন করা গেলো। প্রথমত, ১৯৫০ বিশ্বকাপে এশিয়া থেকে চারটি দেশের মধ্যে তিনটি দেশই বিশ্বকাপ থেকে সরে দাঁড়ায় এবং যেহেতু একমাত্র দেশ হিসেবে ভারতকে ব্রাজিলে যাওয়ার খরচ মেটানোর প্রতিশ্রুতি দিয়েছিলো ফিফা, তাই খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ার তত্ত্বটা যুক্তিসঙ্গত নয়। দ্বিতীয়ত, ১৯৫৩ সালের আগ পর্যন্ত ফিফার ইকুইপমেন্ট রেগুলেশনস এ বুট পায়ে পরে খেলার বাধ্যবাধকতা ছিলো না এবং ১৯৫২ সালে ভারতের অনেক খেলোয়াড় যখন বুট না পরে হেলসিংকি অলিম্পিকস এ অংশগ্রহণ করে তখন ফিফা কোন আপত্তি জানায়নি।

সুতরাং, সবকিছু বিবেচনা করে আমরা এই সিদ্ধান্তে এসেছি যে সামাজিক মাধ্যমে শেয়ারকৃত পোস্টগুলোর দাবি "মিথ্যা।"

Summary: A Facebook post claimed that India did not participate in the 1950 World Cup in Brazil because they got no permission to play barefoot. Upon investigation, FactWatch did not find any proof regarding this claim and found that wearing boots was not mandatory in FIFA equipment regulations before 1953. FactWatch also found that due to some bad decisions taken by the All India Football Federation (AIFF), India could not participate in the 1950 FIFA World Cup. So, considering all of these, FactWatch rates the claim of these posts as “false.”

Edited Report:

খালি পায়ে খেলার অনুমতি পায়নি বলে ভারত ১৯৫০ বিশ্বকাপে অংশ নেয়নি - মিথ্যা

সম্প্রতি "১৯৫০ সালে ব্রাজিলে আয়োজিত ফিফা বিশ্বকাপ ফুটবলে অংশগ্রহণের সুযোগ পেয়েও ভারত তাতে অংশ নেয়নি কারণ তারা চেয়েছিল খালি পায়ে খেলতে, কিন্তু ফিফা তাদের খালি পায়ে খেলার অনুমতি দেয়নি" - এরকম একটি পোস্ট সামাজিক মাধ্যমে শেয়ার হচ্ছে। উল্লেখ্য, উক্ত দাবিটি বেশ কয়েক বছর ধরে সামাজিক মাধ্যমে তোলা হচ্ছে। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা গিয়েছে যে, খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ায় ভারত বিশ্বকাপে অংশগ্রহণ করেনি - এই দাবিটি সঠিক নয় কারণ ১৯৫৩ সালের আগ পর্যন্ত ফিফার ইকুইপমেন্ট রেগুলেশনস এ বুট পায়ে পরে খেলা বাধ্যতামূলক ছিলো না। সঙ্গত কারণে ফ্যাক্টওয়াচ উক্ত পোস্টগুলোর দাবিকে মিথ্যা বলে সাব্যস্ত করছে।

সামাজিক মাধ্যমে শেয়ার হওয়া এরকম কিছু পোস্টের নমুনা দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।

শেয়ারকৃত পোস্টগুলোতে ভারত ১৯৫০ সালে ব্রাজিলে আয়োজিত বিশ্বকাপে অংশ না নেওয়া সম্পর্কিত যে দাবিটি করা হয়েছিলো তার সত্যতা যাচাই করতে আমরা বেশকিছু কি-ওয়ার্ড ব্যবহার করে গুগল সার্চ করি এবং ভারত ১৯৫০ বিশ্বকাপে অংশগ্রহণ করেনি এই সংক্রান্ত কিছু সংবাদ খুঁজে পাই যেগুলো বিভিন্ন আন্তর্জাতিক গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। সংবাদগুলো দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।

শেয়ারকৃত পোস্টগুলোর দাবিটি সঠিক কিনা তা যাচাই করতে আমরা উক্ত সংবাদগুলো পড়ে দেখি। আমাদের অনুসন্ধানে কোথাও এমন কোন তথ্য খুঁজে পাইনি যা খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ায় ভারত ১৯৫০ বিশ্বকাপে অংশগ্রহণ করেনি - এই দাবিটির পক্ষে যায় বরং ১৯৫৩ সালের আগ পর্যন্ত ফিফার ইকুইপমেন্ট রেগুলেশনস এ বুট পরে খেলার কোন বাধ্যবাধকতা ছিলো না এবং ১৯৫২ সালে হেলসিংকি অলিম্পিকস এ যুগোস্লাভিয়ার কাছে ১-১০ গোলে পরাজিত হওয়ার আগ পর্যন্ত ভারতীয় ফুটবলে বুট পায়ে পরা বাধ্যতামূলক ছিলো না। দেখুন এখানে এবং এখানে।

উল্লেখ্য, ১৯৫০ সালের ব্রাজিল বিশ্বকাপে ৩৪ টি দেশ অংশগ্রহণের জন্য রাজি হলেও শেষ পর্যন্ত মাত্র ১৩ টি দেশ বিশ্বকাপে অংশগ্রহণ করে। ফিফা ১৯৫০ বিশ্বকাপে এশিয়া থেকে ফিলিপাইন, ইন্দোনেশিয়া, বার্মা (বর্তমান মায়ানমার), এবং ভারতকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানায় কিন্তু এর মধ্যে তিনটি দেশই বিশ্বকাপে অংশগ্রহণ করা থেকে সরে দাঁড়ায়। যার ফলে, ভারতের সামনে আর কোন বাধা ছিলো না বিশ্বকাপে অংশগ্রহণের। পরবর্তীতে ভারত ঐ বিশ্বকাপে অংশ নেয়নি। ১৯৫০ বিশ্বকাপে ভারতের অংশগ্রহণ না করা নিয়ে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন (এআইএফএফ) যে বক্তব্যগুলো দিয়েছিলো তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে: ব্রাজিলে যাওয়ার খরচ, দল নির্বাচন নিয়ে মতবিরোধ, এবং অনুশীলনের


জন্য পর্যাপ্ত সময় না পাওয়া। যদিও খেলোয়াড়দের ব্রাজিলে যাওয়ার খরচ মেটাতে ফিফা সাহায্য করার প্রতিশ্রুতি দিয়েছিলো এবং কলকাতাতে তহবিল সংগ্রহের জন্য একটি ক্যাম্পেইন এর আয়োজন করা হয়েছিলো। শৈলেন মান্না, যার কিনা ১৯৫০ বিশ্বকাপে ভারতকে নেতৃত্ব দেওয়ার কথা ছিলো, বলেন যে সর্বভারতীয় ফুটবল ফেডারেশন (এআইএফএফ) অলিম্পিকস কে যেরকম গুরুত্বের সাথে দেখতো বিশ্বকাপকে সেরকম গুরুত্বের সাথে নেয়নি। শৈলেন মান্নার বক্তব্য থেকে বুঝা যাচ্ছে যে তৎকালীন সময়ে অলিম্পিকস এর চেয়ে বিশ্বকাপ ফুটবলের আবেদনটা কম ছিলো ভারতের ফুটবল ফেডারেশনের কাছে। তাই তারা বিভিন্ন কারণ দেখিয়ে ব্রাজিল বিশ্বকাপে অংশগ্রহণ করেনি এবং খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ার তত্ত্বটি আস্তে আস্তে জনপ্রিয় হয়ে উঠে। মূলত, ভারতীয় খেলোয়াড়রা বুট পায়ে না পরে খেলতে বেশি স্বাচ্ছন্দ্য বোধ করতেন।

অতএব, এ বিষয়টি স্পষ্ট যে খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ায় ভারত ১৯৫০ বিশ্বকাপে অংশগ্রহণ করেনি - এই দাবিটি সঠিক নয় এবং এর পক্ষে দুটি যুক্তি উপস্থাপন করা গেলো। প্রথমত, ১৯৫০ বিশ্বকাপে এশিয়া থেকে চারটি দেশের মধ্যে তিনটি দেশই বিশ্বকাপ থেকে সরে দাঁড়ায় এবং যেহেতু একমাত্র দেশ হিসেবে ভারতকে ব্রাজিলে যাওয়ার খরচ মেটানোর প্রতিশ্রুতি দিয়েছিলো ফিফা, তাই খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ার তত্ত্বটা যুক্তিসঙ্গত নয়। দ্বিতীয়ত, ১৯৫৩ সালের আগ পর্যন্ত ফিফার ইকুইপমেন্ট রেগুলেশনস এ বুট পায়ে পরে খেলার বাধ্যবাধকতা ছিলো না এবং ১৯৫২ সালে ভারতের অনেক খেলোয়াড় যখন বুট না পরে হেলসিংকি অলিম্পিকস এ অংশগ্রহণ করে তখন ফিফা কোন আপত্তি জানায়নি।

সুতরাং, সবকিছু বিবেচনা করে আমরা এই সিদ্ধান্তে এসেছি যে সামাজিক মাধ্যমে শেয়ারকৃত পোস্টগুলোর দাবি "মিথ্যা।"

Summary: A Facebook post claimed that India did not participate in the 1950 World Cup in Brazil because they did not get permission to play barefoot. Upon investigation, FactWatch did not find any proof for this claim and but found that wearing boots was not mandatory in FIFA equipment regulations before 1953. As revealed, it was due to some other inconvenience (such as, funding, lack of consensus on player selection etc.) the All-India Football Federation (AIFF), India could not participate in the 1950 FIFA World Cup. So, considering all of these, FactWatch rates the claim of these posts as “false.”

Published Report Link: [খালি পায়ে খেলার অনুমতি পায়নি বলে ভারত ১৯৫০ বিশ্বকাপে অংশ নেয়নি – মিথ্যা | Fact-Watch]



SLIDER ইন্টারনেট গুজব খেলাধুলা বহির্বিশ্ব


খালি পায়ে খেলার অনুমতি পায়নি বলে ভারত ১৯৫০ বিশ্বকাপে অংশ নেয়নি – মিথ্যা

ইন্টারনেট গুজব খেলা তথ্য যাচাই

Published on: December 1, 2022

সম্প্রতি "১৯৫০ সালে ব্রাজিলে আয়োজিত ফিফা বিশ্বকাপ ফুটবলে অংশগ্রহণের সুযোগ পেয়েও ভারত তাতে অংশ নেয়নি কারণ তারা চেয়েছিল খালি পায়ে খেলতে, কিন্তু ফিফা তাদের খালি পায়ে খেলার অনুমতি দেয়নি" – এরকম একটি পোস্ট সামাজিক মাধ্যমে শেয়ার হচ্ছে। উল্লেখ্য, উক্ত দাবিটি বেশ কয়েক বছর ধরে সামাজিক মাধ্যমে তোলা হচ্ছে। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা গিয়েছে যে, খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ায় ভারত বিশ্বকাপে অংশগ্রহণ করেনি – এই দাবিটি সঠিক নয় কারণ ১৯৫৩ সালের আগ পর্যন্ত ফিফার ইকুইপমেন্ট রেগুলেশনস এ বুট পায়ে পরে খেলা বাধ্যতামূলক ছিলো না। সঙ্গত কারণে ফ্যাক্টওয়াচ উক্ত পোস্টগুলোর দাবিকে মিথ্যা বলে সাব্যস্ত করছে।

সামাজিক মাধ্যমে শেয়ার হওয়া এরকম কিছু পোস্টের নমুনা দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।




শেয়ারকৃত পোস্টগুলোতে ভারত ১৯৫০ সালে ব্রাজিলে আয়োজিত বিশ্বকাপে অংশ না নেওয়া সম্পর্কিত যে দাবিটি করা হয়েছিলো তার সত্যতা যাচাই করতে আমরা বেশকিছু কি-ওয়ার্ড ব্যবহার করে গুগল সার্চ করি এবং ভারত ১৯৫০ বিশ্বকাপে অংশগ্রহণ করেনি এই সংক্রান্ত কিছু সংবাদ খুঁজে পাই যেগুলো বিভিন্ন আন্তর্জাতিক গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। সংবাদগুলো দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।



Why India did not compete in the 1950 football World Cup (and no, it wasn't because they didn't have boots)

Box to box, a recently-published book celebrating the 75 years of Indian football team, busts myths surrounding India's non-participation in the 1950 World Cup while serving a reminder of what Indian football was and what it could have been

শেয়ারকৃত পোস্টগুলোর দাবিটি সঠিক কিনা তা যাচাই করতে আমরা উক্ত সংবাদগুলো পড়ে দেখি। আমাদের অনুসন্ধানে কোথাও এমন কোন তথ্য খুঁজে পাইনি যা খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ায় ভারত ১৯৫০ বিশ্বকাপে অংশগ্রহণ করেনি - এই দাবিটির পক্ষে যায় বরং ১৯৫৩ সালের আগ পর্যন্ত ফিফার ইকুইপমেন্ট রেগুলেশনস এ বুট পরে খেলার কোন বাধ্যবাধকতা ছিলো না এবং ১৯৫২ সালে হেলসিংকি অলিম্পিকস এ যুগোস্লাভিয়ার কাছে ১-১০ গোলে পরাজিত হওয়ার আগ পর্যন্ত ভারতীয় ফুটবলে বুট পায়ে পরা বাধ্যতামূলক ছিলো না। দেখুন এখানে এবং এখানে।



So, why exactly did India withdraw?

Finally, India didn't go for the World Cup. As the AIFF remained evasive on the reason why the trip was not made and issued a press release that revealed little, too many theories have been floated over the years. It was said in some quarters that Fifa was reluctant to allow the Indians play barefoot. It is difficult to believe since wearing boots was not mandatory in Fifa equipment regulations before 1953. In 1952, when India played the Helsinki Olympics, many of their players played without boots and the world body did not object to it.

উল্লেখ্য, ১৯৫০ সালের ব্রাজিল বিশ্বকাপে ৩৪ টি দেশ অংশগ্রহণের জন্য রাজি হলেও শেষ পর্যন্ত মাত্র ১৩ টি দেশ বিশ্বকাপে অংশগ্রহণ করে। ফিফা ১৯৫০ বিশ্বকাপে এশিয়া থেকে ফিলিপাইন, ইন্দোনেশিয়া, বার্মা (বর্তমান মায়ানমার), এবং ভারতকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানায় কিন্তু এর মধ্যে তিনটি দেশই বিশ্বকাপে অংশগ্রহণ করা থেকে সরে দাঁড়ায়। যার ফলে, ভারতের সামনে আর কোন বাধা ছিলো না বিশ্বকাপে অংশগ্রহণের। পরবর্তীতে ভারত ঐ বিশ্বকাপে অংশ নেয়নি। ১৯৫০ বিশ্বকাপে ভারতের অংশগ্রহণ না করা নিয়ে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন (এআইএফএফ) যে বক্তব্যগুলো দিয়েছিলো তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে: ব্রাজিলে যাওয়ার খরচ, দল নির্বাচন নিয়ে মতবিরোধ, এবং অনুশীলনের জন্য পর্যাপ্ত সময় না পাওয়া। যদিও খেলোয়াড়দের ব্রাজিলে যাওয়ার খরচ মেটাতে ফিফা সাহায্য করার প্রতিশ্রুতি দিয়েছিলো এবং কলকাতাতে তহবিল সংগ্রহের জন্য একটি ক্যাম্পেইন এর আয়োজন করা হয়েছিলো। **শৈলেন মান্না**, যার কিনা ১৯৫০ বিশ্বকাপে ভারতকে নেতৃত্ব দেওয়ার কথা ছিলো, বলেন যে সর্বভারতীয় ফুটবল ফেডারেশন (এআইএফএফ) অলিম্পিকস কে যেরকম গুরুত্বের সাথে দেখতো বিশ্বকাপকে সেরকম গুরুত্বের সাথে নেয়নি। শৈলেন মান্নার বক্তব্য থেকে বুঝা যাচ্ছে যে তৎকালীন সময়ে অলিম্পিকস এর চেয়ে বিশ্বকাপ ফুটবলের আবেদনটা কম ছিলো ভারতের ফুটবল ফেডারেশনের কাছে। তাই তারা বিভিন্ন কারণ দেখিয়ে ব্রাজিল বিশ্বকাপে অংশগ্রহণ করেনি এবং খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ার তত্ত্বটি আস্তে আস্তে জনপ্রিয় হয়ে উঠে। মূলত, ভারতীয় খেলোয়াড়রা বুট পায়ে না পরে খেলতে বেশি স্বাচ্ছন্দ্য বোধ করতেন।



Sailen Manna, who would have led India in the tournament, says that the AIFF was not taking the World Cup as seriously as the Olympics.

অতএব, এ বিষয়টি স্পষ্ট যে খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ায় ভারত ১৯৫০ বিশ্বকাপে অংশগ্রহণ করেনি – এই দাবিটি সঠিক নয় এবং এর পক্ষে দুটি যুক্তি উপস্থাপন করা গেলো। প্রথমত, ১৯৫০ বিশ্বকাপে এশিয়া থেকে চারটি দেশের মধ্যে তিনটি দেশই বিশ্বকাপ থেকে সরে দাঁড়ায় এবং যেহেতু একমাত্র দেশ হিসেবে ভারতকে ব্রাজিলে যাওয়ার খরচ মেটানোর প্রতিশ্রুতি দিয়েছিলো ফিফা, তাই খালি পায়ে খেলার অনুমতি না পাওয়ার তত্ত্বটা যুক্তিসঙ্গত নয়। দ্বিতীয়ত, ১৯৫৩ সালের আগ পর্যন্ত ফিফার ইকুইপমেন্ট রেগুলেশনস এ বুট পায়ে পরে খেলার বাধ্যবাধকতা ছিলো না এবং ১৯৫২ সালে ভারতের অনেক খেলোয়াড় যখন বুট না পরে হেলসিংকি অলিম্পিকস এ অংশগ্রহণ করে তখন ফিফা কোন আপত্তি জানায়নি।

সুতরাং, সবকিছু বিবেচনা করে আমরা এই সিদ্ধান্তে এসেছি যে সামাজিক মাধ্যমে শেয়ারকৃত পোস্টগুলোর দাবি "মিথ্যা।"

আপনি কি এমন কোন খবর দেখেছেন যার সত্যতা যাচাই করা প্রয়োজন?
কোন বিভ্রান্তিকর ছবি/ভিডিও পেয়েছেন?
নেটে ছড়িয়ে পড়া কোন গুজব কি চোখে পড়েছে?

FACT WATCH
ফ্যা·ক্ট·ও·য়া·চ

এসবের সত্যতা যাচাই করতে আমাদেরকে জানান।
আমাদেরকে ইমেইল করুনঃ contact@factwatch.org
অথবা ফেইসবুকে মেসেজ দিনঃ facebook.com/fwatch.bangladesh

Challenges:

- It was a challenge to prove this claim false since the claim was very popular among people. Then the senior fact-checkers told me to look for if there were any other reasons why India did not participate in the 1950 world cup.
- There was another challenge I did face while working on this report. Any rules or regulations by FIFA regarding wearing boots during the play were very hard to find out. Though I managed to find them later through an extensive internet search. I found an article written by an Indian sports journalist named Jaydeep Basu and learned that wearing boots was not mandatory before 1953.

Mistake:

- Since my arguments were clear, there was no mistake in the report. Instead, the editor added a proper headline for the report.

Learning Outcomes:

- A popular theory regarding anything can hold misinformation and mislead people for they do not bother to check by themselves if the information is true or false.
- I did learn a lot of things while working on this single report including how to think critically, to look for evidence that is not very frequent on the internet, and to make strong arguments using available evidence.
- I learned that common sense is an important thing to making arguments while we have less evidence in our hands.

Project 4

Project Name: Fact-Checking Report 4

Project Title: মুক্তিযুদ্ধের সময়ে তোলা ছবিকে ভারত-পাকিস্তান দেশভাগের ছবি হিসেবে প্রচার

Project Brief:

A photo depicting some people fleeing somewhere by a train and the caption of the photo claimed that this was the last train to Calcutta from Dhaka during the 1947 partition. The photo and the claim have become very popular on the internet for several years. This claim seems false to FactWatch. They did some initial research and found that the photo was captured in 1971 during the liberation war of Bangladesh by a French photographer named Raymond Depardon. Then, FactWatch debunked this false claim.

My Responsibilities and Tasks:

I was assigned to prepare a fact-checking report on this false claim. My first task was to search the photo by reverse image search tools in order to find out its source. After the source of this photo has been identified, my task was to check if the photo was of the 1947 partition. When I found that the photo was not taken in 1947 but in 1971, I had to find out the name of the photographer. I found the photographer's name was Raymond Depoardon and he was in Bangladesh in 1971 to capture the moment of the liberation war. Thus, I made my arguments. I did a thorough investigation in order to debunk this false claim.

My Report:

সামাজিক মাধ্যমে খুব পরিচিত একটি ছবি বেশ কয়েক বছর ধরে শেয়ার হচ্ছে এবং দাবি করা হচ্ছে ছবিটি ১৯৪৭ সালে দেশভাগের সময় ঢাকা থেকে ছেড়ে যাওয়া কলকাতার শেষ ট্রেন। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা গিয়েছে যে, ছবিটি ১৯৪৭ সালের নয় বরং ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় পূর্ব পাকিস্তানের শরণার্থীরা ভারতে আশ্রয় লাভের উদ্দেশ্যে চলে যাওয়ার সময় রেমন্ড দেপার্ডন নামক একজন ফরাসি ফটোগ্রাফারের তোলা 'Exodus' বা প্রস্থান শিরোনামের ছবি এটি। সঙ্গত কারণে ফ্যাক্টওয়াচ উক্ত ছবিটির সাথে করা দাবিকে মিথ্যা বলে সাব্যস্ত করছে।

সামাজিক মাধ্যমে শেয়ারকৃত এমন কিছু পোস্ট দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।

শেয়ারকৃত পোস্টগুলোতে ব্যবহৃত ছবির সঙ্গে ১৯৪৭ সালে ঢাকা থেকে কলকাতাগামী শেষ ট্রেনে দেশ ছেড়ে চলে যাওয়ার কোন সম্পর্ক আছে কিনা সেটা যাচাই করতে আমরা উক্ত ছবিটি ব্যবহার করে বিভিন্ন রিভার্স ইমেজ সার্চ টুলস ব্যবহার করে জানতে পেরেছি যে, ছবিটির সাথে ১৯৪৭ সালের দেশভাগের কোন সম্পৃক্ততা নেই এবং ছবিটি ১৯৭১ সালে রেমন্ড দেপার্ডন (Raymond Depardon) নামক একজন ফরাসি ফটোগ্রাফারের তোলা যখন পূর্ব পাকিস্তানের শরনার্থীরা ভারতে পালিয়ে যাচ্ছিলেন দুর্ভিক্ষ এবং পাকিস্তানি সেনাবাহিনীর অত্যাচার থেকে রেহাই পেতে। রেমন্ড দেপার্ডন এর তোলা এই ছবিটির শিরোনাম হচ্ছে 'Exodus' বা প্রস্থান, যার অর্থ হচ্ছে দলবদ্ধভাবে কোন গোষ্ঠী বা জাতি যখন তাদের স্বদেশ ছেড়ে অন্য কোথাও চলে যায়। টাইম ম্যাগাজিনের 'Bangladesh and Pakistan: The Forgotten War' শিরোনামের ফটো-স্টোরিতে রেমন্ড দেপার্ডন এর তোলা ছবিটি দেখুন এখানে।

উক্ত ছবিটিকে ১৯৪৭ সালের দেশভাগের সময়কার মনে করে ভারত-পাকিস্তান বিভক্তি সম্পর্কিত সংবাদগুলোতে ব্যবহার করেছে বেশকিছু গণমাধ্যম। এমন কিছু সংবাদ দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।

রেমন্ড দেপার্ডন এর তোলা ছবিটি ১৯৭১ সালে সংঘটিত পূর্ব পাকিস্তান এবং পশ্চিম পাকিস্তানের মধ্যে যুদ্ধ সম্পর্কিত সংবাদগুলোতে ব্যবহার করেছে বেশকিছু আন্তর্জাতিক গণমাধ্যম। এমন কিছু সংবাদ দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।

এখন প্রশ্ন উঠতে পারে উভয় পক্ষের সংবাদমাধ্যমগুলোর মধ্যে কারা সঠিকভাবে ছবিটি ব্যবহার করেছে? উপরোক্ত সংবাদগুলো যাচাই করে একটি বিষয় লক্ষ্য করা গিয়েছে যে, যারা উক্ত ছবিটিকে ১৯৪৭ এ দেশবিভাগের সময়কার মনে করে ব্যবহার করেছে তারা কেউই ছবিটির উৎস বা ফটোগ্রাফারের নাম উল্লেখ করতে পারেনি। অপরদিকে, যে সকল সংবাদমাধ্যমগুলো ঐ একই ছবিটি ১৯৭১ এ পূর্ব এবং পশ্চিম পাকিস্তানের যুদ্ধ সম্পর্কিত সংবাদগুলোতে ব্যবহার করেছে তারা ছবিটির কৃতিত্ব দিয়েছে ফরাসি ফটোগ্রাফার রেমন্ড দেপার্ডন কে। যেহেতু আমরা পূর্বেই জেনেছি যে ছবিটি রেমন্ড দেপার্ডন এর তোলা

'Exodus' শিরোনামের একটি ছবি, অতএব এই পর্যবেক্ষণ থেকে সহজেই বোঝা যাচ্ছে যে যারা রেমন্ড দেপার্ডন এর ছবিটি ব্যবহার করেছে তারা সঠিক এবং ছবিটি ১৯৭১ সালেই তোলা।

রেমন্ড দেপার্ডন এর তোলা এই ছবিটি পপুলার মিডিয়াতেও ভুলভাবে ব্যবহৃত হচ্ছে। ১৯৫৬ সালে ভারতীয় লেখক খুশবন্ত সিং 'ট্রেন টু পাকিস্তান' নামক একটি উপন্যাস লিখেন যার পটভূমি ছিলো ১৯৪৭ সালের ভারত-পাকিস্তান বিভক্তি এবং এই বইটির স্প্যানিশ অনুবাদের একটি সংস্করণের প্রচ্ছদে রেমন্ড দেপার্ডন এর তোলা ছবিটি ব্যবহার করা হয়েছে। দেখুন এখানে।

তাছাড়া, বাংলাদেশের চলচ্চিত্র পরিচালক তানভীর মোকাম্মেল ২০১৭ সালে দেশভাগ নিয়ে 'সীমান্তরেখা' নামক একটি তথ্যচিত্র নির্মাণ করেন এবং উক্ত তথ্যচিত্রটির পাঁচ মিনিট ৫৬ সেকেন্ডে রেমন্ড দেপার্ডন এর তোলা স্থিরচিত্রটি ব্যবহার করা হয়েছে যা ১৯৭১ এ বাংলাদেশের মুক্তিযুদ্ধকালে শরনার্থীদের ভারতে পালিয়ে যাওয়ার সময় তিনি তুলেছিলেন।

উল্লেখ্য, ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় অনেক বিদেশী ফটোগ্রাফার বাংলাদেশে এসেছিলেন যুদ্ধের ছবি ধারণ করতে এবং রেমন্ড দেপার্ডন তাদের মধ্যে একজন।

অতএব, এ বিষয়টি স্পষ্ট যে সামাজিক মাধ্যমে শেয়ারকৃত পোস্টগুলোতে ব্যবহৃত ছবিটি ১৯৪৭ সালে দেশভাগের সময় ঢাকা থেকে কলকাতাগামী শেষ ট্রেন নয় বরং এটি ১৯৭১ সালে রেমন্ড দেপার্ডন এর তোলা বাংলাদেশের মুক্তিযুদ্ধকালের একটি ছবি।

সুতরাং, সবকিছু বিবেচনা করে আমরা এই সিদ্ধান্তে এসেছি যে শেয়ারকৃত পোস্টগুলোর দাবি "মিথ্যা।"

Summary: A Facebook post with a photo claimed that the photo depicts the last train to Calcutta from Dhaka during the India and Pakistan partition in 1947. Upon investigation, FactWatch did not find any proof regarding this claim and also found that the photo was taken in 1971 by a French photographer named Raymond Depardon. The photo titled *Exodus,* taken by this French photographer depicts that a number of people were fleeing from East Pakistan to India in order to save their life. Now, it is clear that the photo was not about the last train to Calcutta in 1947. So, considering all of these, FactWatch rates the claim of these posts as “false.”

Edited Report:

মুক্তিযুদ্ধের সময়ে তোলা ছবিকে ভারত-পাকিস্তান দেশভাগের ছবি হিসেবে প্রচার

সামাজিক মাধ্যমে খুব পরিচিত একটি ছবি বেশ কয়েক বছর ধরে শেয়ার হচ্ছে এবং দাবি করা হচ্ছে ছবিটি ১৯৪৭ সালে দেশভাগের সময় ঢাকা থেকে ছেড়ে যাওয়া কলকাতার শেষ ট্রেন। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা গিয়েছে যে, ছবিটি ১৯৪৭ সালের নয় বরং ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় পূর্ব পাকিস্তানের শরণার্থীদের ভারতের উদ্দেশ্যে চলে যাওয়ার সময়ে তোলা। রেমন্ড দেপার্ডন নামক একজন ফরাসি ফটোগ্রাফারের তোলা 'Exodus' বা প্রস্থান শিরোনামের ছবি এটি। সঙ্গত কারণে ফ্যাক্টওয়াচ উক্ত ছবিটির সাথে করা দাবিকে মিথ্যা বলে সাব্যস্ত করছে।

সামাজিক মাধ্যমে শেয়ারকৃত এমন কিছু পোস্ট দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।

শেয়ারকৃত পোস্টগুলোতে ব্যবহৃত ছবির সঙ্গে ১৯৪৭ সালে ঢাকা থেকে কলকাতাগামী শেষ ট্রেনে দেশ ছেড়ে চলে যাওয়ার কোন সম্পর্ক আছে কিনা সেটা যাচাই করতে আমরা উক্ত ছবিটি ব্যবহার করে বিভিন্ন রিভার্স ইমেজ সার্চ টুলস ব্যবহার করে জানতে পেরেছি যে, ছবিটির সাথে ১৯৪৭ সালের দেশভাগের কোন সম্পৃক্ততা নেই এবং ছবিটি ১৯৭১ সালে রেমন্ড দেপার্ডন (Raymond Depardon) নামক একজন ফরাসি ফটোগ্রাফারের তোলা যখন পূর্ব পাকিস্তানের শরণার্থীরা ভারতে পালিয়ে যাচ্ছিলেন দুর্ভিক্ষ এবং পাকিস্তানি সেনাবাহিনীর অত্যাচার থেকে রেহাই পেতে। রেমন্ড দেপার্ডন এর তোলা এই ছবিটির শিরোনাম হচ্ছে 'Exodus' বা প্রস্থান, যার অর্থ হচ্ছে দলবদ্ধভাবে কোন গোষ্ঠী বা জাতি যখন তাদের স্বদেশ ছেড়ে অন্য কোথাও চলে যায়। টাইম ম্যাগাজিনের 'Bangladesh and Pakistan: The Forgotten War' শিরোনামের ফটো-স্টোরিতে রেমন্ড দেপার্ডন এর তোলা ছবিটি দেখুন এখানে।

উক্ত ছবিটিকে ১৯৪৭ সালের দেশভাগের সময়কার মনে করে ভারত-পাকিস্তান বিভক্তি সম্পর্কিত সংবাদগুলোতে ব্যবহার করেছে বেশকিছু গণমাধ্যম। এমন কিছু সংবাদ দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।

রেমন্ড দেপার্ডন এর তোলা ছবিটি ১৯৭১ সালে সংঘটিত পূর্ব পাকিস্তান এবং পশ্চিম পাকিস্তানের মধ্যে যুদ্ধ সম্পর্কিত সংবাদগুলোতে ব্যবহার করেছে বেশকিছু আন্তর্জাতিক গণমাধ্যম। এমন কিছু সংবাদ দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।

এখন প্রশ্ন উঠতে পারে উভয় পক্ষের সংবাদমাধ্যমগুলোর মধ্যে কারা সঠিকভাবে ছবিটি ব্যবহার করেছে? উপরোক্ত সংবাদগুলো যাচাই করে একটি বিষয় লক্ষ্য করা গিয়েছে যে, যারা উক্ত ছবিটিকে ১৯৪৭ এ দেশবিভাগের সময়কার মনে করে ব্যবহার করেছে তারা কেউই ছবিটির উৎস বা ফটোগ্রাফারের নাম উল্লেখ করে নি বা করতে পারেনি। অপরদিকে, যে সকল সংবাদমাধ্যমগুলো ঐ একই ছবিটি ১৯৭১ এ পূর্ব এবং পশ্চিম পাকিস্তানের যুদ্ধ সম্পর্কিত সংবাদগুলোতে ব্যবহার করেছে তারা ছবিটির কৃতিত্ব দিয়েছে ফরাসি ফটোগ্রাফার রেমন্ড দেপার্ডন কে। যারা এই ছবির উৎস হিসেবে রেমন্ড দেপার্ডন এর ক্রেডিট ব্যবহার করেছে তারাই বিভ্রান্তি এড়াতে পেরেছে।

রেমন্ড দেপার্ডন এর তোলা এই ছবিটি শিল্পসাহিত্য চলচ্চিত্রেও ভুলভাবে ব্যবহৃত হচ্ছে। ১৯৫৬ সালে ভারতীয় লেখক খুশবন্ত সিং 'ট্রেন টু পাকিস্তান' নামক একটি উপন্যাস লিখেন যার পটভূমি ছিলো ১৯৪৭ সালের ভারত-পাকিস্তান বিভক্তি এবং এই বইটির স্প্যানিশ অনুবাদের একটি সংস্করণের প্রচ্ছদে রেমন্ড দেপার্ডন এর তোলা ছবিটি ব্যবহার করা হয়েছে। দেখুন এখানে।

তাছাড়া, বাংলাদেশের চলচ্চিত্র পরিচালক তানভীর মোকাম্মেল ২০১৭ সালে ভারত-পাকিস্তান দেশভাগ নিয়ে 'সীমান্তরেখা' নামক একটি তথ্যচিত্র নির্মাণ করেন। উক্ত তথ্যচিত্রটির পাঁচ মিনিট ৫৬ সেকেন্ডে রেমন্ড দেপার্ডন এর তোলা স্থিরচিত্রটি ব্যবহার করা হয়েছে।

উল্লেখ্য, ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় অনেক বিদেশী ফটোগ্রাফার বাংলাদেশে এসেছিলেন যুদ্ধের ছবি ধারণ করতে এবং রেমন্ড দেপার্ডন তাদের মধ্যে একজন।

অতএব, এ বিষয়টি স্পষ্ট যে সামাজিক মাধ্যমে শেয়ারকৃত পোস্টগুলোতে ব্যবহৃত ছবিটি ১৯৪৭ সালে দেশভাগের সময় ঢাকা থেকে কলকাতাগামী শেষ ট্রেন নয় বরং এটি ১৯৭১ সালে রেমন্ড দেপার্ডন এর তোলা বাংলাদেশের মুক্তিযুদ্ধকালের একটি ছবি।

সুতরাং, সবকিছু বিবেচনা করে আমরা এই সিদ্ধান্তে এসেছি যে শেয়ারকৃত পোস্টগুলোর দাবি "মিথ্যা।"

Summary: A Facebook post with a photo claimed that the photo depicts the last train to Calcutta from Dhaka during the India and Pakistan partition in 1947. Upon investigation, FactWatch did not find any proof regarding this claim and also found that the photo was taken in 1971 by a French photographer named Raymond Depardon. The photo titled *Exodus,* taken by this French photographer depicts that a number of people were fleeing from East Pakistan to India in order to save their life. This photo has been wrongly used in various films and novels based on 1947, claiming it a photo of that time. So, considering all of these, FactWatch rates the claim of these posts as "false."

Published Report Link: [মুক্তিযুদ্ধের সময়ে তোলা ছবিকে ভারত-পাকিস্তান দেশভাগের ছবি হিসেবে প্রচার]



SLIDER ইন্টারনেট গুজব বাংলাদেশ

মুক্তিযুদ্ধের সময়ে তোলা ছবিকে ভারত-পাকিস্তান দেশভাগের ছবি হিসেবে প্রচার

ইন্টারনেট গুজব ছবি যাচাই

Published on: December 1, 2022

সামাজিক মাধ্যমে খুব পরিচিত একটি ছবি বেশ কয়েক বছর ধরে শেয়ার হচ্ছে এবং দাবি করা হচ্ছে ছবিটি ১৯৪৭ সালে দেশভাগের সময় ঢাকা থেকে ছেড়ে যাওয়া কলকাতার শেষ ট্রেন। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা গিয়েছে যে, ছবিটি ১৯৪৭ সালের নয় বরং ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় পূর্ব পাকিস্তানের শরণার্থীদের ভারতের উদ্দেশ্যে চলে যাওয়ার সময়ে তোলা। রেমন্ড দেপার্ডন নামক একজন ফরাসি ফটোগ্রাফারের তোলা 'Exodus' বা প্রস্থান শিরোনামের ছবি এটি। সঙ্গত কারণে ফ্যাক্টওয়াচ উক্ত ছবিটির সাথে করা দাবিকে মিথ্যা বলে সাব্যস্ত করছে।

সামাজিক মাধ্যমে শেয়ারকৃত এমন কিছু পোস্ট দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।



শেয়ারকৃত পোস্টগুলোতে ব্যবহৃত ছবির সঙ্গে ১৯৪৭ সালে ঢাকা থেকে কলকাতাগামী শেষ ট্রেনে দেশ ছেড়ে চলে যাওয়ার কোন সম্পর্ক আছে কিনা সেটা যাচাই করতে আমরা উক্ত ছবিটি ব্যবহার করে বিভিন্ন রিভার্স ইমেজ সার্চ টুলস ব্যবহার করে জানতে পেরেছি যে, ছবিটির সাথে ১৯৪৭ সালের দেশভাগের কোন সম্পৃক্ততা নেই এবং ছবিটি ১৯৭১ সালে রেমন্ড দেপার্ডন (Raymond Depardon) নামক একজন ফরাসি ফটোগ্রাফারের তোলা যখন পূর্ব পাকিস্তানের শরণার্থীরা ভারতে পালিয়ে যাচ্ছিলেন দুর্ভিক্ষ এবং পাকিস্তানি সেনাবাহিনীর অত্যাচার থেকে রেহাই পেতে। রেমন্ড দেপার্ডন এর তোলা এই ছবিটির শিরোনাম হচ্ছে 'Exodus' বা প্রস্থান, যার অর্থ হচ্ছে দলবদ্ধভাবে কোন গোষ্ঠী বা জাতি যখন তাদের স্বদেশ ছেড়ে অন্য কোথাও চলে যায়। টাইম ম্যাগাজিনের 'Bangladesh and Pakistan: The Forgotten War' শিরোনামের ফটো-স্টোরিতে রেমন্ড দেপার্ডন এর তোলা ছবিটি দেখুন এখানে।



উক্ত ছবিটিকে ১৯৪৭ সালের দেশভাগের সময়কার মনে করে ভারত-পাকিস্তান বিভক্তি সম্পর্কিত সংবাদগুলোতে ব্যবহার করেছে বেশকিছু গণমাধ্যম। এমন কিছু সংবাদ দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।

Tanvir Mokammel's 'Simantorekha' at Public Library again today

DL desk



রেমন্ড দেপার্ডন এর তোলা ছবিটি ১৯৭১ সালে সংঘটিত পূর্ব পাকিস্তান এবং পশ্চিম পাকিস্তানের মধ্যে যুদ্ধ সম্পর্কিত সংবাদগুলোতে ব্যবহার করেছে বেশকিছু আন্তর্জাতিক গণমাধ্যম। এমন কিছু সংবাদ দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এবং এখানে।



WORLD NEWS / DECEMBER 19, 2011


Iqbal Ahmed

One Day in April of 1971


এখন প্রশ্ন উঠতে পারে উভয় পক্ষের সংবাদমাধ্যমগুলোর মধ্যে কারা সঠিকভাবে ছবিটি ব্যবহার করেছে? উপরোক্ত সংবাদগুলো যাচাই করে একটি বিষয় লক্ষ্য করা গিয়েছে যে, যারা উক্ত ছবিটিকে ১৯৪৭ এ দেশবিভাগের সময়কার মনে করে ব্যবহার করেছে তারা কেউই ছবিটির উৎস বা ফটোগ্রাফারের নাম উল্লেখ করে নি বা করতে পারেনি। অপরদিকে, যে সকল সংবাদমাধ্যমগুলো ঐ একই ছবিটি ১৯৭১ এ পূর্ব এবং পশ্চিম পাকিস্তানের যুদ্ধ সম্পর্কিত সংবাদগুলোতে ব্যবহার করেছে তারা ছবিটির কৃতিত্ব দিয়েছে ফরাসি ফটোগ্রাফার রেমন্ড দেপার্ডন কে। যারা এই ছবির উৎস হিসেবে রেমন্ড দেপার্ডন এর ক্রেডিট ব্যবহার করেছে তারাই বিভ্রান্তি এড়াতে পেরেছে। তাছাড়া, আরেকটি বিষয় এখানে লক্ষ্যণীয় যে রেমন্ড দেপার্ডন এর জন্ম ১৯৪২ সালের ৬ই জুলাই। অন্য একটি সূত্র থেকে জানা যায়, তিনি ১২ বছর বয়সেই প্রথম ছবি তোলা শুরু করেন। সুতারাং, তার পক্ষে ১৯৪৭ সালে দেশভাগের সময়কার ছবি তোলা প্রায় অসম্ভব।

এখন প্রশ্ন উঠতে পারে উভয় পক্ষের সংবাদমাধ্যমগুলোর মধ্যে কারা সঠিকভাবে ছবিটি ব্যবহার করেছে? উপরোক্ত সংবাদগুলো যাচাই করে একটি বিষয় লক্ষ্য করা গিয়েছে যে, যারা উক্ত ছবিটিকে ১৯৪৭ এ দেশবিভাগের সময়কার মনে করে ব্যবহার করেছে তারা কেউই ছবিটির উৎস বা ফটোগ্রাফারের নাম উল্লেখ করে নি বা করতে পারেনি। অপরদিকে, যে সকল সংবাদমাধ্যমগুলো ঐ একই ছবিটি ১৯৭১ এ পূর্ব এবং পশ্চিম পাকিস্তানের যুদ্ধ সম্পর্কিত সংবাদগুলোতে ব্যবহার করেছে তারা ছবিটির কৃতিত্ব দিয়েছে ফরাসি ফটোগ্রাফার রেমন্ড দেপার্ডন কে। যারা এই ছবির উৎস হিসেবে রেমন্ড দেপার্ডন এর ক্রেডিট ব্যবহার করেছে তারাই বিভ্রান্তি এড়াতে পেরেছে।

রেমন্ড দেপার্ডন এর তোলা এই ছবিটি শিল্পসাহিত্য চলচ্চিত্রেও ভুলভাবে ব্যবহৃত হচ্ছে। ১৯৫৬ সালে ভারতীয় লেখক খুশবন্ত সিং 'ট্রেন টু পাকিস্তান' নামক একটি উপন্যাস লিখেন যার পটভূমি ছিলো ১৯৪৭ সালের ভারত-পাকিস্তান বিভক্তি এবং এই বইটির স্প্যানিশ অনুবাদের একটি সংস্করণের প্রচ্ছদে রেমন্ড দেপার্ডন এর তোলা ছবিটি ব্যবহার করা হয়েছে। দেখুন এখানে।



তাছাড়া, বাংলাদেশের চলচ্চিত্র পরিচালক তানভীর মোকাম্মেল ২০১৭ সালে ভারত-পাকিস্তান দেশভাগ নিয়ে 'সীমান্তরেখা' নামক একটি তথ্যচিত্র নির্মাণ করেন। উক্ত তথ্যচিত্রটির পাঁচ মিনিট ৫৬ সেকেন্ডে রেমন্ড দেপার্ডন এর তোলা স্থিরচিত্রটি ব্যবহার করা হয়েছে।



উল্লেখ্য, ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় অনেক বিদেশী ফটোগ্রাফার বাংলাদেশে এসেছিলেন যুদ্ধের ছবি ধারণ করতে এবং রেমন্ড দেপার্ডন তাদের মধ্যে একজন।

অতএব, এ বিষয়টি স্পষ্ট যে সামাজিক মাধ্যমে শেয়ারকৃত পোস্টগুলোতে ব্যবহৃত ছবিটি ১৯৪৭ সালে দেশভাগের সময় ঢাকা থেকে কলকাতাগামী শেষ ট্রেন নয় বরং এটি ১৯৭১ সালে রেমন্ড দেপার্ডন এর তোলা বাংলাদেশের মুক্তিযুদ্ধকালের একটি ছবি।

সুতরাং, সবকিছু বিবেচনা করে আমরা এই সিদ্ধান্তে এসেছি যে শেয়ারকৃত পোস্টগুলোর দাবি "মিথ্যা।"

আপনি কি এমন কোন খবর দেখেছেন যার সত্যতা যাচাই করা প্রয়োজন?
কোন বিভ্রান্তিকর ছবি/ভিডিও পেয়েছেন?
নেটে ছড়িয়ে পড়া কোন গুজব কি চোখে পড়েছে?

FACT WATCH
ফ্যা·ক্ট·ও·য়া·চ

এসবের সত্যতা যাচাই করতে আমাদেরকে জানান।
আমাদেরকে ইমেইল করুনঃ contact@factwatch.org
অথবা ফেইসবুকে মেসেজ দিনঃ facebook.com/fwatch.bangladesh

Challenges:

- It was a challenge to prove that the photo was taken in 1971 since the source of the photo was hard to find. However, I managed to find out the source and name of the photographer. I found the name of the photographer in a photo-story created by TIMES magazine regarding the 1971 liberation war.
- Since it was a matter of historical inaccuracy, I had to be very careful to ensure that the evidence I offered was strong and authentic.
- Since it was a subject of sentiment, there was a possibility that the report might be questioned by people and I had to make myself prepared to face them and ready to show them the evidence.

Mistake:

- I did forget to use the strongest evidence in this report. Since my argument was that the photo was not taken in 1947 but in 1971 and to demonstrate proof regarding my argument, I did not mention the date of birth of the named photographer in the report. The birth year of Raymond Depardon was 1942, so it was not possible for him to take this photo in 1947. Besides, the editor added a proper headline for the report.

Learning Outcomes:

- This report offered a lot of things to learn including various techniques to find out the source of a photo, various ways to prove that the claim is false, and various aspects to talk about regarding the claim.
- People do not bother to search for additional information after they have seen something very popular on the internet.
- Even in mass media, arts, and literature, they do not check for the authenticity of something and use inaccurate materials in their productions.

Project 5

Project Name: Fact-File Report 1

Project Title: কাতার বিশ্বকাপ আয়োজনে কতজন শ্রমিক প্রাণ হারিয়েছেন?

Project Brief:

There was confusion regarding the death tolls of migrant workers in Qatar since *The Guardian* and *Amnesty International* published two reports on the death of migrant workers. According to their reports, the death tolls were 6500 and 15000, respectively. Though *The Guardian* and *Amnesty International* did not mention in their reports that these migrant workers in Qatar died while working on construction sites for the FIFA 2022 World Cup infrastructure development, many news media in Bangladesh published news with confusing headlines, for example, migrant workers died for Qatar World Cup preparation. So, FactWatch decided to make a fact-file on this issue to eliminate confusion.

My Responsibilities and Tasks:

I was assigned to prepare a fact file report for November 2022 and I chose this issue to work on. My first task was to read these two reports to see if they mention that these workers died during the world cup preparation and if all of them were employed in infrastructure development works. My second task was to find out the confusing headlines that Bangladeshi news media used in their news. Also, I had to find out if any fact-checking reports were done on this issue and I have found a report prepared by Deutsche Welle. I did read these reports and compiled them to get rid of this confusion.

My Report:

কাতার বিশ্বকাপ আয়োজনে কতজন শ্রমিক প্রাণ হারিয়েছেন?

প্রস্তাবনা

সম্প্রতি কাতার বিশ্বকাপকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে একটি পোস্ট লক্ষ্য করা যাচ্ছে যেখানে দাবি করা হচ্ছে কাতার বিশ্বকাপ আয়োজনে দক্ষিণ এশিয়ার দেশ সমূহ: ভারত, নেপাল, বাংলাদেশ, পাকিস্তান, এবং শ্রীলঙ্কা এর যথাক্রমে ২৭১১, ১৬৪১, ১০১৮, ৮২৪, এবং ৫৫৭ জন অভিবাসী শ্রমিকের মৃত্যু হয়েছে। উক্ত পোস্টটির দুটো নমুনা দেখুন এখানে এবং এখানে। শ্রমিক মৃত্যুর এই সংখ্যাগুলো উদ্‌ভূত হয়েছে 'দি গার্ডিয়ান' এর একটি রিপোর্ট থেকে। উক্ত পোস্টের দাবির সত্যতা যাচাই করতে আমরা 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি পড়ে দেখেছি এবং জানতে পেরেছি যে শ্রমিক মৃত্যুর সংখ্যাগুলো সঠিক কিন্তু রিপোর্টে কোথাও উল্লেখ করা হয়নি যে এসকল শ্রমিকরা সবাই কাতার বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়নের কাজ করতে গিয়ে প্রাণ হারিয়েছেন। বাংলাদেশের কিছু সংবাদমাধ্যম 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি স্রেফ বাংলায় অনুবাদ করে "কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে বাংলাদেশি ১০১৮ শ্রমিকের মৃত্যু," "কাতারে বিশ্বকাপ প্রস্তুতি: বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার ৬৫০০ শ্রমিকের মৃত্যু" ইত্যাদি শিরোনামে প্রকাশ করেছে। তাছাড়া, 'অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল' এর রিপোর্ট থেকে উদ্‌ভূত কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে ১৫ হাজার অভিবাসী শ্রমিকের মৃত্যু নিয়েও বিভ্রান্তি দেখা যাচ্ছে এবং এর অনুসন্ধান করতে গিয়ে উক্ত রিপোর্টটি পড়ে আমরা জানতে পেরেছি যে মৃত ১৫ হাজার শ্রমিকের সবাই বিশ্বকাপ প্রস্তুতির কাজে জড়িত ছিলেন না এবং প্রত্যেকেই বিভিন্ন পেশায় নিয়োজিত ছিলেন। ফ্যাক্টওয়াচ উক্ত ফেসবুক পোস্ট এবং বাংলাদেশের কিছু সংবাদ মাধ্যমে কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে শ্রমিকের মৃত্যু মর্মে প্রকাশ হওয়া সংবাদের শিরোনামগুলোকে বিভ্রান্তিকর বলে সাব্যস্ত করছে।

'দি গার্ডিয়ান' এর রিপোর্ট কি বলছে?

গত ২৩ই ফেব্রুয়ারি, ২০২১ এ ব্রিটেন ভিত্তিক সংবাদমাধ্যম 'দি গার্ডিয়ান' একটি রিপোর্ট প্রকাশ করে "Revealed: 6,500 migrant workers have died in Qatar since World Cup awarded" শিরোনামে, যার বাংলা অর্থ করলে দাঁড়ায়: "বিশ্বকাপ আয়োজনের সুযোগ পাওয়ার পরে কাতারে ৬৫০০ জন অভিবাসী শ্রমিকের মৃত্যু হয়েছে।" রিপোর্টটি থেকে জানা যায় ২০১১-২০২০ সময়কালে ভারত, বাংলাদেশ, নেপাল, এবং শ্রীলঙ্কার ৫৯২৭ জন অভিবাসী শ্রমিকের মৃত্যু হয় এবং ২০১০-২০২০ সময়কালে ৮২৪ জন পাকিস্তানি অভিবাসী শ্রমিকের মৃত্যু হয় কাতারে। অর্থাৎ, ২০১০ সালের ডিসেম্বরে বিশ্বকাপ আয়োজনের সুযোগ পাওয়ার পর থেকে প্রতি সপ্তাহে গড়ে ১২ জন দক্ষিণ এশিয়ার এই পাঁচটি দেশের অভিবাসী শ্রমিকের মৃত্যু হয়েছে কাতারে।

রিপোর্টটির কোথাও উল্লেখ নেই এই সকল মৃত শ্রমিকরা কোন পেশায় নিয়োজিত ছিলেন বা তারা কোথায় কাজ করতেন। তবে উপসাগরীয় অঞ্চলে শ্রমিকদের অধিকার নিয়ে কাজ করে এমন একটি অ্যাডভোকেসি গ্রুপের পরিচালক নিক ম্যাকগিহান মনে করেন যেহেতু শ্রমিকদের মৃত্যু রেকর্ড তাদের পেশা এবং কাজের জায়গা অনুযায়ী শ্রেণীবিন্যাস করা নেই, সম্ভবত তাদের অনেকেই বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়ন কাজের সাথে জড়িত ছিলেন।

কাতারে শ্রমিকদের এই মৃত্যুর হারের পিছনে মৃত্যুর কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে উঁচু জায়গা থেকে ভূমিতে পড়ে মারাত্মক জখম হওয়া, অনেক উচ্চতায় ঝুলে ঝুলে কাজ করতে গিয়ে শ্বাসরোধ হওয়া, জখম হওয়া জায়গায় পচন ধরা। গার্ডিয়ান তাদের প্রাপ্ত ডাটার উপর ভিত্তি করে জানিয়েছে যে ভারতীয়, নেপালি, এবং বাংলাদেশী শ্রমিকদের মধ্যে ৬৯ শতাংশ মৃত্যু 'প্রাকৃতিক মৃত্যু' হিসেবে শ্রেণীভুক্ত হয়েছে। প্রাকৃতিক মৃত্যু বলতে এখানে বুঝানো হয়েছে হৃদযন্ত্র বা শ্বাসযন্ত্র বিকল হয়ে যাওয়া। তবে গার্ডিয়ানের অন্য আরেকটি রিপোর্টের মতে শ্রমিকদের মৃত্যুর এই শ্রেণীবিন্যাস করা হয় সাধারণত ময়নাতদন্ত ছাড়াই এবং প্রায়শই শ্রমিকদের মৃত্যুর অন্তর্নিহিত কারণ ব্যাখ্যা করতে ব্যর্থ হয় কর্তৃপক্ষ। ২০১৯ সালে আন্তর্জাতিক শ্রম সংস্থার একটি তথ্য অনুসারে জানা গিয়েছে কাতারের গ্রীষ্মের প্রচন্ড তাপ শ্রমিকদের মৃত্যুর একটি উল্লেখযোগ্য কারণ হতে পারে।

অতএব, 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি পড়ে আমরা দেখতে পাচ্ছি এখানে শ্রমিকদের মৃত্যুর কারণ হিসেবে শুধুমাত্র বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়ন কাজের সাথে জড়িত থাকার কথা উল্লেখ করা হয়নি এবং রিপোর্টটিতে মৃত শ্রমিকরা কোন পেশায় এবং কোথায় নিয়োজিত ছিলেন সেই ব্যাপারে সুনির্দিষ্টভাবে কিছু উল্লেখ করা হয়নি।

'অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল' এর রিপোর্ট কি বলছে?

গত ২৬ই আগস্ট, ২০২১ এ অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল "In the prime of their lives: Qatar's failure to investigate, remedy and prevent migrant workers' deaths" শিরোনামে একটি রিপোর্ট প্রকাশ করে যেখানে বলা হয়েছে গত ১০ বছরে কাতারে ১৫,০২১ জন বিভিন্ন পেশার এবং বয়সের অ-কাতারি মানুষের মৃত্যু হয়েছে। ১৫,০২১ জন মৃত মানুষদের সবাই নির্মাণ শ্রমিক নয় বরং তাদের মধ্যে রয়েছেন নিরাপত্তাকর্মী, মালী, শিক্ষক, ডাক্তার, ইঞ্জিনিয়ার, এবং ব্যবসায়ী। অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের এই রিপোর্টটিতে ১৫,০২১ সংখ্যাটি নির্দেশ করা হয়েছে ২০১০-২০১৯ সময়কালে কাতারে যতজন বিদেশীর মৃত্যুর হয়েছে তার প্রতি এবং ২০১১-২০২০ সময়কালে সংখ্যাটি ছিলো ১৫,৭৯৯।

অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্টটিতে অভিবাসী শ্রমিকদের মৃত্যুর কারণ হিসেবে হৃদরোগকে (cardiovascular disease) শ্রেণীভুক্ত করা হলেও উপযুক্ত তদন্তের অভাবে শ্রমিকদের মৃত্যুর কারণের তথ্য অনির্ভরযোগ্য হয়ে পড়েছে এবং ব্যাখ্যাতীত রয়ে গিয়েছে।
অতএব, অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্টটি পড়ে আমরা দেখতে পাচ্ছি এখানে যে ১৫,০২১ সংখ্যাটি উল্লেখ করা হয়েছে তা কেবল কাতারে মৃত্যু হয়েছে এমন অভিবাসী শ্রমিকদের নয় বরং কাতারে বিভিন্ন পেশা এবং বয়সের যে বিদেশীরা ছিলেন তারাও এই সংখ্যার অন্তর্ভুক্ত।

বাংলাদেশের সংবাদমাধ্যমগুলো কি বলছে?

কাতারে অভিবাসী শ্রমিকদের মৃত্যু নিয়ে বাংলাদেশের সংবাদমাধ্যমগুলোর নিজস্ব কোন বক্তব্য খুঁজে পাওয়া যায়নি। 'কাতার বিশ্বকাপ শ্রমিক মৃত্যু' বাক্যটি দিয়ে সার্চ করে আমরা বেশকিছু সংবাদের খোঁজ পাই যেগুলো কাতারে অভিবাসী শ্রমিকদের মৃত্যু নিয়ে বাংলাদেশের কিছু সংবাদমাধ্যমের প্রকাশিত সংবাদ। তার মধ্য থেকে বেশ কয়েকটি সংবাদ আমরা পড়ে দেখি এবং জানতে পারি প্রায় সবগুলো সংবাদই 'দি গার্ডিয়ান' এর ইংরেজি রিপোর্টটিকে স্রেফ বাংলায় অনুবাদ করে প্রকাশ করা হয়েছে। উক্ত সংবাদগুলোর শিরোনামও বেশ বিভ্রান্তিকর ছিলো। আসুন, আমরা কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে শ্রমিকের মৃত্যু মর্মে প্রকাশ হওয়া কিছু সংবাদের শিরোনাম দেখি।

কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে বাংলাদেশি ১০১৮ শ্রমিকের মৃত্যু - যুগান্তর

কাতারের বিশ্বকাপ প্রস্তুতিতে ১ হাজার বাংলাদেশি শ্রমিকের মৃত্যু - দৈনিক ভোরের পাতা

'কাতার বিশ্বকাপের বলি' হাজারো বাংলাদেশি - নিউজ বাংলা২৪.কম

কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে বাংলাদেশি ১০১৮ শ্রমিকের মৃত্যু - দৈনিক ইত্তেফাক

কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে ১০ বছরে বাংলাদেশী ১০১৮ শ্রমিকের মৃত্যু : দক্ষিণ এশিয়ার ৫ দেশের ৬৭৫১ জন - ভয়েস অব আমেরিকা বাংলা

কাতার বিশ্বকাপের লজ্জা: ৫৭৬০ মিনিটের ফুটবলে ১৫ হাজার মৃত্যু! - প্রথম আলো

কাতারে বিশ্বকাপ আয়োজন : দশ বছরে ১ হাজার ১৮ বাংলাদেশি শ্রমিকের মৃত্যু - প্রতিদিনের সংবাদ

কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে বাংলাদেশ, ভারত, পাকিস্তানের সাড়ে ৬ হাজার শ্রমিকের মৃত্যু - প্রিয়

কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে প্রাণ গেল সহস্রাধিক বাংলাদেশি শ্রমিকের - ডেইলি স্পোর্টস বিডি

উপরের সংবাদ শিরোনামগুলো দেখে বুঝা যাচ্ছে 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি বাংলায় অনুবাদ করে প্রকাশ করলেও রিপোর্টটিতে যে কোথাও বিশ্বকাপ আয়োজনে শ্রমিকের মৃত্যুর কথা উল্লেখ নেই সেটা সংবাদমাধ্যমগুলো খেয়াল করেনি এবং বিভ্রান্তিকর কিছু শিরোনামে ব্যবহার করে সংবাদ প্রকাশ করে দিয়েছে। উক্ত শিরোনামগুলো পড়লে মনে হবে বিশ্বকাপ আয়োজনে বিভিন্ন নির্মাণ কাজ করতে গিয়েই এতসংখ্যক শ্রমিকের মৃত্যু হয়েছে, যদিও শ্রমিকদের মৃত্যুর যুক্তিসঙ্গত কারণ ব্যাখ্যা করতে ব্যর্থ হয়েছে কাতার। শিরোনামগুলো খেয়াল করলে দেখা যাবে যে সেখানে বলা হচ্ছে কাতার বিশ্বকাপ আয়োজনের প্রস্তুতিতে ১০১৮ জন বাংলাদেশি শ্রমিকের মৃত্যু হয়েছে বা দক্ষিণ এশিয়ার পাঁচটি দেশের সাড়ে ছয় হাজার শ্রমিক মারা গিয়েছে কিন্তু 'দি গার্ডিয়ান' এর রিপোর্টে এসকল শ্রমিকদের মৃত্যুর কারণ হিসেবে শুধু বিশ্বকাপ আয়োজনের প্রস্তুতিতে জড়িত থাকার কথা বলা হয়নি।

'ডয়চে ভেলে' এর ফ্যাক্ট-চেকিং রিপোর্ট কি বলছে?

কাতার বিশ্বকাপে কতজন শ্রমিক মৃত্যুবরণ করেছে এটা নিয়ে ডয়চে ভেলে ১৬ই নভেম্বর, ২০২২ এ একটি ফ্যাক্ট-চেকিং রিপোর্ট প্রকাশ করে। মূলত দি গার্ডিয়ান এবং অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্ট থেকে উদ্ভূত কাতারে শ্রমিকের মৃত্যুর সংখ্যা কতটা সঠিক তা যাচাই করতে ফ্যাক্ট-চেকিং রিপোর্টটি তৈরি করে তারা। তাদের রিপোর্টটিতে বলা হয়েছে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল কিংবা দি গার্ডিয়ান কেউ-ই এই দাবি করেনি যে এই সকল শ্রমিকরা সবাই অবকাঠামোগত উন্নয়নের কাজ করতে গিয়ে মারা গিয়েছেন। উভয় রিপোর্টে উল্লেখিত শ্রমিকের মৃত্যুর সংখ্যা কাতারে গত এক দশকে মারা যাওয়া অ-কাতারি বিভিন্ন জাতীয়তা এবং পেশার মানুষদের নির্দেশ করে। ডয়চে ভেলের ফ্যাক্ট-চেকিং রিপোর্টটিতে আরও বলা হয়েছে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল যে ১৫ হাজার বিদেশীর মৃত্যুর সংখ্যা উল্লেখ করেছে তাদের সবাই নির্মাণ শ্রমিক ছিলেন না বরং তারা বিভিন্ন পেশায় নিয়োজিত ছিলেন। যেমন: নিরাপত্তাকর্মী, মালী, শিক্ষক, ডাক্তার, ইঞ্জিনিয়ার, এবং ব্যবসায়ী।

সিদ্ধান্ত

যেহেতু দি গার্ডিয়ান এবং অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্টের কোথাও বলা হয়নি মারা যাওয়া শ্রমিকরা সবাই বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়ন কাজে জড়িত ছিলেন, তাদের পেশা এবং তারা কোথায় কি কাজে নিয়োজিত ছিলেন সেটা সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি, এবং শ্রমিকদের মৃত্যুর কারণ যুক্তিসঙ্গতভাবে ব্যাখ্যা করতে কাতার ব্যর্থ হয়েছে তাই আমরা এই সিদ্ধান্তে এসেছি যে কাতারে অভিবাসী শ্রমিকের মৃত্যুর সংখ্যা নিয়ে একটি ফেসবুক পোস্ট এবং বিশ্বকাপ প্রস্তুতিতে শ্রমিকের মৃত্যু নিয়ে করা সংবাদগুলোর শিরোনাম বিভ্রান্তিকর।

Summary: A Facebook post and some news headlines claimed that 6500 migrant workers from five South Asian countries including India, Bangladesh, Pakistan, Nepal, and Srilanka have died in Qatar while working on various infrastructure development projects since Qatar won the bid to host the 2022 FIFA World Cup. These news headlines regarding the death of workers in Qatar referred to the two reports by The Guardian and Amnesty International. Upon investigation, FactWatch did not find that all of those workers died while working on the World Cup preparation projects and we also found that neither The Guardian nor Amnesty International ever claimed in their reports that all of these workers died in the construction sites. So, considering all of these, FactWatch decided to rate the Facebook post and the news headlines as “missing context.”

Edited Report:

কাতার বিশ্বকাপ আয়োজনে কতজন শ্রমিক প্রাণ হারিয়েছেন?

শ্রমিক মৃত্যুর সংখ্যাগুলো সঠিক, কিন্তু এদের সবাই বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়নের কাজ করতে গিয়ে প্রাণ হারান নি। ডয়চে ভেলের ফ্যাক্টচেকিং প্রতিবেদন বলছে, এসব অভিবাসীরা বিভিন্ন পেশায় নিয়োজিত ছিলেন, সবাই নির্মাণশ্রমিক ছিলেন না।

প্রস্তাবনা

সম্প্রতি কাতার বিশ্বকাপকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে একটি পোস্ট লক্ষ্য করা যাচ্ছে যেখানে দাবি করা হচ্ছে কাতার বিশ্বকাপ আয়োজনে দক্ষিণ এশিয়ার দেশ সমূহ: ভারত, নেপাল, বাংলাদেশ, পাকিস্তান, এবং শ্রীলঙ্কা এর যথাক্রমে ২৭১১, ১৬৪১, ১০১৮, ৮২৪, এবং ৫৫৭ জন অভিবাসী শ্রমিকের মৃত্যু হয়েছে। উক্ত পোস্টটির দুটো নমুনা দেখুন এখানে এবং এখানে। শ্রমিক মৃত্যুর এই সংখ্যাগুলো উদ্‌ভূত হয়েছে 'দি গার্ডিয়ান' এর একটি রিপোর্ট থেকে। উক্ত পোস্টের দাবির সত্যতা যাচাই করতে আমরা 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি পড়ে দেখেছি এবং জানতে পেরেছি যে শ্রমিক মৃত্যুর সংখ্যাগুলো সঠিক কিন্তু রিপোর্টে কোথাও উল্লেখ করা হয়নি যে এসকল শ্রমিকরা সবাই কাতার বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়নের কাজ করতে গিয়ে প্রাণ হারিয়েছেন। বাংলাদেশের কিছু সংবাদমাধ্যম 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি স্রেফ বাংলায় অনুবাদ করে "কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে বাংলাদেশি ১০১৮ শ্রমিকের মৃত্যু," "কাতারে বিশ্বকাপ প্রস্তুতি: বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার ৬৫০০ শ্রমিকের মৃত্যু" ইত্যাদি শিরোনামে প্রকাশ করেছে। তাছাড়া, 'অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল' এর রিপোর্ট থেকে উদ্‌ভূত কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে ১৫ হাজার অভিবাসী শ্রমিকের মৃত্যু নিয়েও বিভ্রান্তি দেখা যাচ্ছে এবং এর অনুসন্ধান করতে গিয়ে উক্ত রিপোর্টটি পড়ে আমরা জানতে পেরেছি যে মৃত ১৫ হাজার শ্রমিকের সবাই বিশ্বকাপ প্রস্তুতির কাজে জড়িত ছিলেন না এবং প্রত্যেকেই বিভিন্ন পেশায় নিয়োজিত ছিলেন। ফ্যাক্টওয়াচ উক্ত ফেসবুক পোস্ট এবং বাংলাদেশের কিছু সংবাদ মাধ্যমে কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে শ্রমিকের মৃত্যু মর্মে প্রকাশ হওয়া সংবাদের শিরোনামগুলোকে বিভ্রান্তিকর বলে সাব্যস্ত করছে।

'দি গার্ডিয়ান' এর রিপোর্ট কি বলছে?

গত ২৩ই ফেব্রুয়ারি, ২০২১ এ ব্রিটেন-ভিত্তিক সংবাদমাধ্যম 'দি গার্ডিয়ান' একটি রিপোর্ট প্রকাশ করে "Revealed: 6,500 migrant workers have died in Qatar since World Cup awarded" শিরোনামে, যার বাংলা অর্থ করলে দাঁড়ায়: "বিশ্বকাপ আয়োজনের সুযোগ পাওয়ার পরে কাতারে ৬৫০০ জন অভিবাসী শ্রমিকের মৃত্যু হয়েছে।" রিপোর্টটি থেকে জানা যায় ২০১১-২০২০ সময়কালে ভারত, বাংলাদেশ, নেপাল, এবং শ্রীলঙ্কার ৫৯২৭ জন অভিবাসী শ্রমিকের মৃত্যু হয় এবং ২০১০-২০২০ সময়কালে ৮২৪ জন পাকিস্তানি অভিবাসী শ্রমিকের মৃত্যু হয় কাতারে। অর্থাৎ, ২০১০ সালের ডিসেম্বরে বিশ্বকাপ আয়োজনের সুযোগ পাওয়ার পর থেকে প্রতি সপ্তাহে গড়ে ১২ জন দক্ষিণ এশিয়ার এই পাঁচটি দেশের অভিবাসী শ্রমিকের মৃত্যু হয়েছে কাতারে। রিপোর্টটির কোথাও উল্লেখ নেই এই সকল মৃত শ্রমিকরা কোন পেশায় নিয়োজিত ছিলেন বা তারা কোথায় কাজ করতেন। তবে উপসাগরীয় অঞ্চলে শ্রমিকদের অধিকার নিয়ে কাজ করে এমন একটি অ্যাডভোকেসি গ্রুপের পরিচালক নিক ম্যাকগিহান মনে করেন যেহেতু শ্রমিকদের মৃত্যু রেকর্ড তাদের পেশা এবং কাজের জায়গা অনুযায়ী শ্রেণীবিন্যাস করা নেই, সম্ভবত তাদের অনেকেই বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়ন কাজের সাথে জড়িত ছিলেন।

কাতারে শ্রমিকদের এই মৃত্যুর হারের পিছনে মৃত্যুর কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে উঁচু জায়গা থেকে ভূমিতে পড়ে মারাত্মক জখম হওয়া, অনেক উচ্চতায় ঝুলে ঝুলে কাজ করতে গিয়ে শ্বাসরোধ হওয়া, জখম হওয়া জায়গায় পচন ধরা। গার্ডিয়ান তাদের প্রাপ্ত ডাটার উপর ভিত্তি করে জানিয়েছে যে ভারতীয়, নেপালি, এবং বাংলাদেশী শ্রমিকদের মধ্যে ৬৯ শতাংশ মৃত্যু 'প্রাকৃতিক মৃত্যু' হিসেবে শ্রেণীভুক্ত হয়েছে। প্রাকৃতিক মৃত্যু বলতে এখানে বুঝানো হয়েছে হৃদযন্ত্র বা শ্বাসযন্ত্র বিকল হয়ে যাওয়া। তবে গার্ডিয়ানের অন্য আরেকটি রিপোর্টের মতে শ্রমিকদের মৃত্যুর এই শ্রেণীবিন্যাস করা হয় সাধারণত ময়নাতদন্ত ছাড়াই এবং প্রায়শই শ্রমিকদের মৃত্যুর অন্তর্নিহিত কারণ ব্যাখ্যা করতে ব্যর্থ হয় কর্তৃপক্ষ। ২০১৯ সালে আন্তর্জাতিক শ্রম সংস্থার একটি তথ্য অনুসারে জানা গিয়েছে, কাতারের গ্রীষ্মের প্রচণ্ড তাপ শ্রমিকদের মৃত্যুর একটি উল্লেখযোগ্য কারণ হতে পারে।

অতএব, 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি পড়ে আমরা দেখতে পাচ্ছি এখানে শ্রমিকদের মৃত্যুর কারণ হিসেবে শুধুমাত্র বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়ন কাজের সাথে জড়িত থাকার কথা উল্লেখ করা হয়নি এবং রিপোর্টটিতে মৃত শ্রমিকরা কোন পেশায় এবং কোথায় নিয়োজিত ছিলেন সেই ব্যাপারে সুনির্দিষ্টভাবে কিছু উল্লেখ করা হয়নি।

'অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল' এর রিপোর্ট কি বলছে?

গত ২৬ই আগস্ট, ২০২১ এ অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল "In the prime of their lives: Qatar's failure to investigate, remedy and prevent migrant workers' deaths" শিরোনামে একটি রিপোর্ট প্রকাশ করে যেখানে বলা হয়েছে গত ১০ বছরে কাতারে ১৫,০২১ জন বিভিন্ন পেশার এবং বয়সের অ-কাতারি মানুষের মৃত্যু হয়েছে। ১৫,০২১ জন মৃত মানুষদের সবাই নির্মাণ শ্রমিক নয় বরং তাদের মধ্যে রয়েছেন নিরাপত্তাকর্মী, মালী, শিক্ষক, ডাক্তার, ইঞ্জিনিয়ার, এবং ব্যবসায়ী। অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের এই রিপোর্টটিতে ১৫,০২১ সংখ্যাটি নির্দেশ করা হয়েছে ২০১০-২০১৯ সময়কালে কাতারে যতজন বিদেশীর মৃত্যুর হয়েছে তার প্রতি এবং ২০১১-২০২০ সময়কালে সংখ্যাটি ছিলো ১৫,৭৯৯।

অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্টটিতে অভিবাসী শ্রমিকদের মৃত্যুর কারণ হিসেবে হৃদরোগকে (cardiovascular disease) শ্রেণীভুক্ত করা হলেও উপযুক্ত তদন্তের অভাবে শ্রমিকদের মৃত্যুর কারণের তথ্য অনির্ভরযোগ্য হয়ে পড়েছে এবং ব্যাখ্যাতীত রয়ে গিয়েছে।

অতএব, অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্টটি পড়ে আমরা দেখতে পাচ্ছি এখানে যে ১৫,০২১ সংখ্যাটি উল্লেখ করা হয়েছে তা কেবল কাতারে মৃত্যু হয়েছে এমন অভিবাসী শ্রমিকদের নয় বরং কাতারে বিভিন্ন পেশা এবং বয়সের যে বিদেশীরা ছিলেন তারাও এই সংখ্যার অন্তর্ভুক্ত।

বাংলাদেশের সংবাদমাধ্যমগুলো কি বলছে?

কাতারে অভিবাসী শ্রমিকদের মৃত্যু নিয়ে বাংলাদেশের সংবাদমাধ্যমগুলোর নিজস্ব কোন বক্তব্য খুঁজে পাওয়া যায়নি। 'কাতার বিশ্বকাপ শ্রমিক মৃত্যু' বাক্যটি দিয়ে সার্চ করে আমরা বেশকিছু সংবাদের খোঁজ পাই যেগুলো কাতারে অভিবাসী শ্রমিকদের মৃত্যু নিয়ে বাংলাদেশের কিছু সংবাদমাধ্যমের প্রকাশিত সংবাদ। তার মধ্য থেকে বেশ কয়েকটি সংবাদ আমরা পড়ে দেখি এবং জানতে পারি প্রায় সবগুলো সংবাদই 'দি গার্ডিয়ান' এর ইংরেজি রিপোর্টটিকে স্রেফ বাংলায় অনুবাদ করে প্রকাশ করা হয়েছে। উক্ত সংবাদগুলোর শিরোনামও বেশ বিভ্রান্তিকর ছিলো। আসুন, আমরা কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে শ্রমিকের মৃত্যু মর্মে প্রকাশ হওয়া কিছু সংবাদের শিরোনাম দেখি।

কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে বাংলাদেশি ১০১৮ শ্রমিকের মৃত্যু - যুগান্তর

কাতারের বিশ্বকাপ প্রস্তুতিতে ১ হাজার বাংলাদেশি শ্রমিকের মৃত্যু - দৈনিক ভোরের পাতা

'কাতার বিশ্বকাপের বলি' হাজারো বাংলাদেশি - নিউজ বাংলা২৪.কম

কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে বাংলাদেশি ১০১৮ শ্রমিকের মৃত্যু - দৈনিক ইত্তেফাক

কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে ১০ বছরে বাংলাদেশী ১০১৮ শ্রমিকের মৃত্যু : দক্ষিণ এশিয়ার ৫ দেশের ৬৭৫১ জন - ভয়েস অব আমেরিকা বাংলা

কাতার বিশ্বকাপের লজ্জা: ৫৭৬০ মিনিটের ফুটবলে ১৫ হাজার মৃত্যু! - প্রথম আলো

কাতারে বিশ্বকাপ আয়োজন : দশ বছরে ১ হাজার ১৮ বাংলাদেশি শ্রমিকের মৃত্যু - প্রতিদিনের সংবাদ

কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে বাংলাদেশ, ভারত, পাকিস্তানের সাড়ে ৬ হাজার শ্রমিকের মৃত্যু - প্রিয়

কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে প্রাণ গেল সহস্রাধিক বাংলাদেশি শ্রমিকের - ডেইলি স্পোর্টস বিডি

উপরের সংবাদ শিরোনামগুলো দেখে বুঝা যাচ্ছে 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি বাংলায় অনুবাদ করে প্রকাশ করলেও রিপোর্টটিতে যে কোথাও বিশ্বকাপ আয়োজনে শ্রমিকের মৃত্যুর কথা উল্লেখ নেই সেটা সংবাদমাধ্যমগুলো খেয়াল করেনি এবং বিভ্রান্তিকর কিছু শিরোনামে ব্যবহার করে সংবাদ প্রকাশ করে দিয়েছে। উক্ত শিরোনামগুলো পড়লে মনে হবে বিশ্বকাপ আয়োজনে বিভিন্ন নির্মাণ কাজ করতে গিয়েই এতসংখ্যক শ্রমিকের মৃত্যু হয়েছে, যদিও শ্রমিকদের মৃত্যুর যুক্তিসঙ্গত কারণ ব্যাখ্যা করতে ব্যর্থ হয়েছে কাতার। শিরোনামগুলো খেয়াল করলে দেখা যাবে যে সেখানে বলা হচ্ছে কাতার বিশ্বকাপ আয়োজনের প্রস্তুতিতে ১০১৮ জন বাংলাদেশি শ্রমিকের মৃত্যু হয়েছে বা দক্ষিণ এশিয়ার পাঁচটি দেশের সাড়ে ছয় হাজার শ্রমিক মারা গিয়েছে কিন্তু 'দি গার্ডিয়ান' এর রিপোর্টে এসকল শ্রমিকদের মৃত্যুর কারণ হিসেবে শুধু বিশ্বকাপ আয়োজনের প্রস্তুতিতে জড়িত থাকার কথা বলা হয়নি।

'ডয়চে ভেলে' এর ফ্যাক্ট-চেকিং রিপোর্ট কি বলছে?

কাতার বিশ্বকাপে কতজন শ্রমিক মৃত্যুবরণ করেছে এটা নিয়ে ডয়চে ভেলে ১৬ই নভেম্বর, ২০২২ এ একটি ফ্যাক্ট-চেকিং রিপোর্ট প্রকাশ করে। মূলত দি গার্ডিয়ান এবং অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্ট থেকে উদ্‌ভূত কাতারে শ্রমিকের মৃত্যুর সংখ্যা কতটা সঠিক তা যাচাই করতে ফ্যাক্ট-চেকিং রিপোর্টটি তৈরি করে তারা। তাদের রিপোর্টটিতে বলা হয়েছে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল কিংবা দি গার্ডিয়ান কেউ-ই এই দাবি করেনি যে এই সকল শ্রমিকরা সবাই অবকাঠামোগত উন্নয়নের কাজ করতে গিয়ে মারা গিয়েছেন। উভয় রিপোর্টে উল্লেখিত শ্রমিকের মৃত্যুর সংখ্যা কাতারে গত এক দশকে মারা যাওয়া অ-কাতারি বিভিন্ন জাতীয়তা এবং পেশার মানুষদের নির্দেশ করে। ডয়চে ভেলের ফ্যাক্ট-চেকিং রিপোর্টটিতে আরও বলা হয়েছে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল যে ১৫ হাজার বিদেশীর মৃত্যুর সংখ্যা উল্লেখ করেছে তাদের সবাই নির্মাণ শ্রমিক ছিলেন না বরং তারা বিভিন্ন পেশায় নিয়োজিত ছিলেন। যেমন: নিরাপত্তাকর্মী, মালী, শিক্ষক, ডাক্তার, ইঞ্জিনিয়ার, এবং ব্যবসায়ী।

সিদ্ধান্ত

যেহেতু দি গার্ডিয়ান এবং অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্টের কোথাও বলা হয়নি মারা যাওয়া শ্রমিকরা সবাই বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়ন কাজে জড়িত ছিলেন, তাদের পেশা এবং তারা কোথায় কি কাজে নিয়োজিত ছিলেন সেটা সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি, এবং শ্রমিকদের মৃত্যুর কারণ যুক্তিসঙ্গতভাবে ব্যাখ্যা করতে কাতার ব্যর্থ হয়েছে তাই আমরা এই সিদ্ধান্তে এসেছি যে কাতারে অভিবাসী শ্রমিকের মৃত্যুর সংখ্যা নিয়ে একটি ফেসবুক পোস্ট এবং বিশ্বকাপ প্রস্তুতিতে শ্রমিকের মৃত্যু নিয়ে করা সংবাদগুলোর শিরোনাম বিভ্রান্তিকর।

Summary: A Facebook post and some news headlines claimed that 6500 migrant workers from five South Asian countries including India, Bangladesh, Pakistan, Nepal, and Srilanka have died in Qatar while working on various infrastructure development projects since Qatar won the bid to host the 2022 FIFA World Cup. These news headlines regarding the death of workers in Qatar referred to the two reports by The Guardian and Amnesty International. Upon investigation, FactWatch did not find that all of those workers died while working on the World Cup preparation projects and we also found that neither The Guardian nor Amnesty International ever claimed in their reports that all of these workers died in the construction sites. So, considering all of these, FactWatch decided to rate the Facebook post and the news headlines as "missing context."

Published Report Link: [কাতার বিশ্বকাপ আয়োজনে কতজন শ্রমিক প্রাণ হারিয়েছেন?]



SLIDER খেলাধুলা তথ্য যাচাই ফ্যাক্ট ফাইল বহির্বিশ্ব

কাতার বিশ্বকাপ আয়োজনে কতজন শ্রমিক প্রাণ হারিয়েছেন?

ইন্টারনেট গুজব খেলা ফ্যাক্ট ফাইল

Published on: November 26, 2022

ফ্যাক্ট-ফাইল

শ্রমিক মৃত্যুর সংখ্যাগুলো সঠিক, কিন্তু এদের সবাই বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়নের কাজ করতে গিয়ে প্রাণ হারান নি। ডয়চে ভেলের ফ্যাক্টচেকিং প্রতিবেদনবলছে, এসব অভিবাসীরা বিভিন্ন পেশায় নিয়োজিত ছিলেন, সবাই নির্মাণ শ্রমিক ছিলেন না। এ বিষয়ে একটি ফ্যাক্টফাইল তৈরি করেছেন মোহাম্মদ আরাফাত।

প্রস্তাবনা

সম্প্রতি কাতার বিশ্বকাপকে কেন্দ্র করে সামাজিক মাধ্যমে একটি পোস্ট লক্ষ্য করা যাচ্ছে যেখানে দাবি করা হচ্ছে কাতার বিশ্বকাপ আয়োজনে দক্ষিণ এশিয়ার দেশ সমূহ: ভারত, নেপাল, বাংলাদেশ, পাকিস্তান, এবং শ্রীলঙ্কা এর যথাক্রমে ২৭১১, ১৬৪১, ১০১৮, ৮২৪, এবং ৫৫৭ জন অভিবাসী শ্রমিকের মৃত্যু হয়েছে। উক্ত পোস্টটির দুটো নমুনা দেখুন এখানে এবং এখানে।



শ্রমিক মৃত্যুর এই সংখ্যাগুলো উদ্ভূত হয়েছে 'দি গার্ডিয়ান' এর একটি রিপোর্ট থেকে। উক্ত পোস্টের দাবির সত্যতা যাচাই করতে আমরা 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি পড়ে দেখেছি এবং জানতে পেরেছি যে শ্রমিক মৃত্যুর সংখ্যাগুলো সঠিক কিন্তু রিপোর্টে কোথাও উল্লেখ করা হয়নি যে এসকল শ্রমিকরা সবাই কাতার বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়নের কাজ করতে গিয়ে প্রাণ হারিয়েছেন। বাংলাদেশের কিছু সংবাদমাধ্যম 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি স্রেফ বাংলায় অনুবাদ করে "কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে বাংলাদেশি ১০১৮ শ্রমিকের মৃত্যু," "কাতারে বিশ্বকাপ প্রস্তুতি: বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার ৬৫০০ শ্রমিকের মৃত্যু" ইত্যাদি শিরোনামে প্রকাশ করেছে। তাছাড়া, 'অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল' এর রিপোর্ট থেকে উদ্ভূত কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে ১৫ হাজার অভিবাসী শ্রমিকের মৃত্যু নিয়েও বিভ্রান্তি দেখা যাচ্ছে এবং এর অনুসন্ধান করতে গিয়ে উক্ত রিপোর্টটি পড়ে আমরা জানতে পেরেছি যে মৃত ১৫ হাজার শ্রমিকের সবাই বিশ্বকাপ প্রস্তুতির কাজে জড়িত ছিলেন না এবং প্রত্যেকেই বিভিন্ন পেশায় নিয়োজিত ছিলেন। ফ্যাক্টওয়াচ উক্ত ফেসবুক পোস্ট এবং বাংলাদেশের কিছু সংবাদ মাধ্যমে কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে শ্রমিকের মৃত্যু মর্মে প্রকাশ হওয়া সংবাদের শিরোনামগুলোকে বিভ্রান্তিকর বলে সাব্যস্ত করছে।

'দি গার্ডিয়ান' এর রিপোর্ট কি বলছে?

গত ২৩ই ফেব্রুয়ারি, ২০২১ এ ব্রিটেন-ভিত্তিক সংবাদমাধ্যম 'দি গার্ডিয়ান' একটি রিপোর্ট প্রকাশ করে "Revealed: 6,500 migrant workers have died in Qatar since World Cup awarded" শিরোনামে, যার বাংলা অর্থ করলে দাঁড়ায়: "বিশ্বকাপ আয়োজনের সুযোগ পাওয়ার পরে কাতারে ৬৫০০ জন অভিবাসী শ্রমিকের মৃত্যু হয়েছে।" রিপোর্টটি থেকে জানা যায় ২০১১-২০২০ সময়কালে ভারত, বাংলাদেশ, নেপাল, এবং শ্রীলঙ্কার ৫৯২৭ জন অভিবাসী শ্রমিকের মৃত্যু হয় এবং ২০১০-২০২০ সময়কালে ৮২৪ জন পাকিস্তানি অভিবাসী শ্রমিকের মৃত্যু হয় কাতারে। অর্থাৎ, ২০১০ সালের ডিসেম্বরে বিশ্বকাপ আয়োজনের সুযোগ পাওয়ার পর থেকে প্রতি সপ্তাহে গড়ে ১২ জন দক্ষিণ এশিয়ার এই পাঁচটি দেশের অভিবাসী শ্রমিকের মৃত্যু হয়েছে কাতারে। রিপোর্টটির কোথাও উল্লেখ নেই এই সকল মৃত শ্রমিকরা কোন পেশায় নিয়োজিত ছিলেন বা তারা কোথায় কাজ করতেন। তবে উপসাগরীয় অঞ্চলে শ্রমিকদের অধিকার নিয়ে কাজ করে এমন একটি অ্যাডভোকেসি গ্রুপের পরিচালক নিক ম্যাকগিহান মনে করেন যেহেতু শ্রমিকদের মৃত্যু রেকর্ড তাদের পেশা এবং কাজের জায়গা অনুযায়ী শ্রেণীবিন্যাস করা নেই, সম্ভবত তাদের অনেকেই বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়ন কাজের সাথে জড়িত ছিলেন।



Revealed: 6,500 migrant workers have died in Qatar since World Cup awarded

Guardian analysis indicates shocking figure over the past decade likely to be an underestimate

Get the latest news on the Qatar World Cup beyond the football

Latha Bollapally, with her son Rajesh Goud, holds a picture of her husband, Madhu Bollapally, 43, a migrant worker who died in Qatar. Photograph: Kailash Nirmal

কাতারে শ্রমিকদের এই মৃত্যুর হারের পিছনে মৃত্যুর কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে উঁচু জায়গা থেকে ভূমিতে পড়ে মারাত্মক জখম হওয়া, অনেক উচ্চতায় ঝুলে ঝুলে কাজ করতে গিয়ে শ্বাসরোধ হওয়া, জখম হওয়া জায়গায় পচন ধরা। গার্ডিয়ান তাদের প্রাপ্ত ডাটার উপর ভিত্তি করে জানিয়েছে যে ভারতীয়, নেপালি, এবং বাংলাদেশী শ্রমিকদের মধ্যে ৬৯ শতাংশ মৃত্যু 'প্রাকৃতিক মৃত্যু' হিসেবে শ্রেণীভুক্ত হয়েছে। প্রাকৃতিক মৃত্যু বলতে এখানে বুঝানো হয়েছে হৃদযন্ত্র বা শ্বাসযন্ত্র বিকল হয়ে যাওয়া। তবে গার্ডিয়ানের অন্য আরেকটি রিপোর্টের মতে শ্রমিকদের মৃত্যুর এই শ্রেণীবিন্যাস করা হয় সাধারণত ময়নাতদন্ত ছাড়াই এবং প্রায়শই শ্রমিকদের মৃত্যুর অন্তর্নিহিত কারণ ব্যাখ্যা করতে ব্যর্থ হয় কর্তৃপক্ষ। ২০১৯ সালে আন্তর্জাতিক শ্রম সংস্থার একটি তথ্য অনুসারে জানা গিয়েছে, কাতারের গ্রীষ্মের প্রচণ্ড তাপ শ্রমিকদের মৃত্যুর একটি উল্লেখযোগ্য কারণ হতে পারে।

অতএব, 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি পড়ে আমরা দেখতে পাচ্ছি এখানে শ্রমিকদের মৃত্যুর কারণ হিসেবে শুধুমাত্র বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়ন কাজের সাথে জড়িত থাকার কথা উল্লেখ করা হয়নি এবং রিপোর্টটিতে মৃত শ্রমিকরা কোন পেশায় এবং কোথায় নিয়োজিত ছিলেন সেই ব্যাপারে সুনির্দিষ্টভাবে কিছু উল্লেখ করা হয়নি।

'অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল' এর রিপোর্ট কি বলছে?

গত ২৬ই আগস্ট, ২০২১ এ অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল "In the prime of their lives: Qatar's failure to investigate, remedy and prevent migrant workers' deaths" শিরোনামে একটি রিপোর্ট প্রকাশ করে যেখানে বলা হয়েছে গত ১০ বছরে কাতারে ১৫,০২১ জন বিভিন্ন পেশার এবং বয়সের অ-কাতারি মানুষের মৃত্যু হয়েছে। ১৫,০২১ জন মৃত মানুষদের সবাই নির্মাণ শ্রমিক নয় বরং তাদের মধ্যে রয়েছেন নিরাপত্তাকর্মী, মালী, শিক্ষক, ডাক্তার, ইঞ্জিনিয়ার, এবং ব্যবসায়ী। অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের এই রিপোর্টটিতে ১৫,০২১ সংখ্যাটি নির্দেশ করা হয়েছে ২০১০-২০১৯ সময়কালে কাতারে যতজন বিদেশীর মৃত্যুর হয়েছে তার প্রতি এবং ২০১১-২০২০ সময়কালে সংখ্যাটি ছিলো ১৫,৭৯৯।



RESEARCH

Qatar: "In the prime of their lives": Qatar's failure to investigate, remedy and prevent migrant workers' deaths

August 26, 2021, Index Number: MDE 22/4614/2021

BANGLADESH ECONOMIC, SOCIAL AND CULTURAL RIGHTS

Over the last decade, thousands of young migrant workers have died suddenly and unexpectedly in Qatar despite passing their mandatory medical tests before travelling to the country. Yet the Qatari authorities have to date failed to properly investigate their deaths in way that would make it possible to determine the underlying causes, precluding any assessment of whether they are work-related. As a result, the workers' bereaved families have been denied the opportunity to receive any compensation from the employer or the Qatari authorities.

অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্টটিতে অভিবাসী শ্রমিকদের মৃত্যুর কারণ হিসেবে হৃদরোগকে (cardiovascular disease) শ্রেণীভুক্ত করা হলেও উপযুক্ত তদন্তের অভাবে শ্রমিকদের মৃত্যুর কারণের তথ্য অনির্ভরযোগ্য হয়ে পড়েছে এবং ব্যাখ্যাতীত রয়ে গিয়েছে।

অতএব, অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্টটি পড়ে আমরা দেখতে পাচ্ছি এখানে যে ১৫,০২১ সংখ্যাটি উল্লেখ করা হয়েছে তা কেবল কাতারে মৃত্যু হয়েছে এমন অভিবাসী শ্রমিকদের নয় বরং কাতারে বিভিন্ন পেশা এবং বয়সের যে বিদেশীরা ছিলেন তারাও এই সংখ্যার অন্তর্ভুক্ত।

বাংলাদেশের সংবাদমাধ্যমগুলো কি বলছে?

কাতারে অভিবাসী শ্রমিকদের মৃত্যু নিয়ে বাংলাদেশের সংবাদমাধ্যমগুলোর নিজস্ব কোন বক্তব্য খুঁজে পাওয়া যায়নি। 'কাতার বিশ্বকাপ শ্রমিক মৃত্যু' বাক্যটি দিয়ে সার্চ করে আমরা বেশকিছু সংবাদের খোঁজ পাই যেগুলো কাতারে অভিবাসী শ্রমিকদের মৃত্যু নিয়ে বাংলাদেশের কিছু সংবাদমাধ্যমের প্রকাশিত সংবাদ। তার মধ্য থেকে বেশ কয়েকটি সংবাদ আমরা পড়ে দেখি এবং জানতে পারি প্রায় সবগুলো সংবাদই 'দি গার্ডিয়ান' এর ইংরেজি রিপোর্টটিকে স্রেফ বাংলায় অনুবাদ করে প্রকাশ করা হয়েছে। উক্ত সংবাদগুলোর শিরোনামও বেশ বিভ্রান্তিকর ছিলো। আসুন, আমরা কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে শ্রমিকের মৃত্যু মর্মে প্রকাশ হওয়া কিছু সংবাদের শিরোনাম দেখি।

কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে বাংলাদেশি ১০১৮ শ্রমিকের মৃত্যু – যুগান্তর

কাতারের বিশ্বকাপ প্রস্তুতিতে ১ হাজার বাংলাদেশি শ্রমিকের মৃত্যু – দৈনিক ভোরের পাতা

'কাতার বিশ্বকাপের বলি' হাজারো বাংলাদেশি – নিউজ বাংলা২৪.কম

কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে বাংলাদেশি ১০১৮ শ্রমিকের মৃত্যু – দৈনিক ইত্তেফাক

কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে ১০ বছরে বাংলাদেশী ১০১৮ শ্রমিকের মৃত্যু : দক্ষিণ এশিয়ার ৫ দেশের ৬৭৫১ জন – ভয়েস অব আমেরিকা বাংলা

কাতার বিশ্বকাপের লজ্জা: ৫৭৬০ মিনিটের ফুটবলে ১৫ হাজার মৃত্যু! – প্রথম আলো

কাতারে বিশ্বকাপ আয়োজন : দশ বছরে ১ হাজার ১৮ বাংলাদেশি শ্রমিকের মৃত্যু – প্রতিদিনের সংবাদ

কাতার বিশ্বকাপের প্রস্তুতিতে বাংলাদেশ, ভারত, পাকিস্তানের সাড়ে ৬ হাজার শ্রমিকের মৃত্যু – প্রিয়

কাতার বিশ্বকাপ প্রস্তুতিতে প্রাণ গেল সহস্রাধিক বাংলাদেশি শ্রমিকের – ডেইলি স্পোর্টস বিডি

উপরের সংবাদ শিরোনামগুলো দেখে বুঝা যাচ্ছে 'দি গার্ডিয়ান' এর রিপোর্টটি বাংলায় অনুবাদ করে প্রকাশ করলেও রিপোর্টটিতে যে কোথাও বিশ্বকাপ আয়োজনে শ্রমিকের মৃত্যুর কথা উল্লেখ নেই সেটা সংবাদমাধ্যমগুলো খেয়াল করেনি এবং বিভ্রান্তিকর কিছু শিরোনামে ব্যবহার করে সংবাদ প্রকাশ করে দিয়েছে। উক্ত শিরোনামগুলো পড়লে মনে হবে বিশ্বকাপ আয়োজনে বিভিন্ন নির্মাণ কাজ করতে গিয়েই এতসংখ্যক শ্রমিকের মৃত্যু হয়েছে, যদিও শ্রমিকদের মৃত্যুর যুক্তিসঙ্গত কারণ ব্যাখ্যা করতে ব্যর্থ হয়েছে কাতার। শিরোনামগুলো খেয়াল করলে দেখা যাবে যে সেখানে বলা হচ্ছে কাতার বিশ্বকাপ আয়োজনের প্রস্তুতিতে ১০১৮ জন বাংলাদেশি শ্রমিকের মৃত্যু হয়েছে বা দক্ষিণ এশিয়ার পাঁচটি দেশের সাড়ে ছয় হাজার শ্রমিক মারা গিয়েছে কিন্তু 'দি গার্ডিয়ান' এর রিপোর্টে এসকল শ্রমিকদের মৃত্যুর কারণ হিসেবে শুধু বিশ্বকাপ আয়োজনের প্রস্তুতিতে জড়িত থাকার কথা বলা হয়নি।

'ডয়চে ভেলে' এর ফ্যাক্ট-চেকিং রিপোর্ট কি বলছে?

কাতার বিশ্বকাপে কতজন শ্রমিক মৃত্যুবরণ করেছে এটা নিয়ে ডয়চে ভেলে ১৬ই নভেম্বর, ২০২২ এ একটি ফ্যাক্ট-চেকিং রিপোর্ট প্রকাশ করে। মূলত দি গার্ডিয়ান এবং অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্ট থেকে উদ্ভূত কাতারে শ্রমিকের মৃত্যুর সংখ্যা কতটা সঠিক তা যাচাই করতে ফ্যাক্ট-চেকিং রিপোর্টটি তৈরি করে তারা। তাদের রিপোর্টটিতে বলা হয়েছে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল কিংবা দি গার্ডিয়ান কেউ-ই এই দাবি করেনি যে এই সকল শ্রমিকরা সবাই অবকাঠামোগত উন্নয়নের কাজ করতে গিয়ে মারা গিয়েছেন। উভয় রিপোর্টে উল্লেখিত শ্রমিকের মৃত্যুর সংখ্যা কাতারে গত এক দশকে মারা যাওয়া অ-কাতারি বিভিন্ন জাতীয়তা এবং পেশার মানুষদের নির্দেশ করে। ডয়চে ভেলের ফ্যাক্ট-চেকিং রিপোর্টটিতে আরও বলা হয়েছে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল যে ১৫ হাজার বিদেশীর মৃত্যুর সংখ্যা উল্লেখ করেছে তাদের সবাই নির্মাণ শ্রমিক ছিলেন না বরং তারা বিভিন্ন পেশায় নিয়োজিত ছিলেন। যেমন: নিরাপত্তাকর্মী, মালী, শিক্ষক, ডাক্তার, ইঞ্জিনিয়ার, এবং ব্যবসায়ী।



HUMAN RIGHTS | QATAR

Fact check: How many people died for the Qatar World Cup?

Jan D. Walter | Matt Ford
11/16/2022

As the World Cup in Qatar draws closer, criticism mounts. Human rights activists, politicians, fans and media speak of 6,500, even 15,000, alleged deaths in relation to the soccer tournament. But are the numbers correct?

সিদ্ধান্ত

যেহেতু দি গার্ডিয়ান এবং অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর রিপোর্টের কোথাও বলা হয়নি মারা যাওয়া শ্রমিকরা সবাই বিশ্বকাপের অবকাঠামোগত উন্নয়ন কাজে জড়িত ছিলেন, তাদের পেশা এবং তারা কোথায় কি কাজে নিয়োজিত ছিলেন সেটা সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি, এবং শ্রমিকদের মৃত্যুর কারণ যুক্তিসঙ্গতভাবে ব্যাখ্যা করতে কাতার ব্যর্থ হয়েছে তাই আমরা এই সিদ্ধান্তে এসেছি যে কাতারে অভিবাসী শ্রমিকের মৃত্যুর সংখ্যা নিয়ে একটি ফেসবুক পোস্ট এবং বিশ্বকাপ প্রস্তুতিতে শ্রমিকের মৃত্যু নিয়ে করা সংবাদগুলোর শিরোনাম বিভ্রান্তিকর।

আপনি কি এমন কোন খবর দেখেছেন যার সত্যতা যাচাই করা প্রয়োজন?
কোন বিভ্রান্তিকর ছবি/ভিডিও পেয়েছেন?
নেটে ছড়িয়ে পড়া কোন গুজব কি চোখে পড়েছে?

এসবের সত্যতা যাচাই করতে আমাদেরকে জানান।
আমাদেরকে ইমেইল করুনঃ contact@factwatch.org
অথবা ফেইসবুকে মেসেজ দিনঃ facebook.com/fwatch.bangladesh

Challenges:

- Since it was my first fact file report, I did face some challenges while working on this report including how to write a fact file, which structure should I follow, and how to manage all of the sources and compile them all together. Though I managed to write the report following the structure of an essay and the editor praised the report as I did a very good compilation.
- It was a challenge for me since there were a number of sources and I did not know how to manage them. Though I did overcome this by using different themes. Also, I did use a prologue and a conclusion at the end.

Mistake:

- I did not make any mistakes in this report. Instead, the editor added some sentences after the headline.

Learning Outcomes:

- News media do not care about what their sources said or mentioned. They merely copied the news, published it, and used confusing headlines that confuse the readers. Thus, people are misled.
- I did learn the difference between a fact-checking report and a fact-file report. A fact-checking report deals with recent misinformation or rumors which have gone viral on social media. On the other hand, a fact-file report deals with some misconceptions or rumors which have reigned people for a long time. For example, the structure of coronavirus, how it spreads, and its characteristics will be discussed in a fact-file. On the other hand, social media rumors like ‘herb can cure coronavirus’ can be fact-checked.
- I did learn how to prepare a fact-file report, how to use sources in the report, and how to compile them all together.

Project 6

Project Name: Fact-File Report 2

Project Title: মরক্কো এবং বিভিন্ন দেশে বোরকা বা নিকাব নিষিদ্ধের দাবিগুলো কতটুকু সঠিক?

Project Brief:

There was recurring misinformation that was shared on social media regarding the burqa and niqab ban in Morocco since the country's football team did very well in the FIFA World Cup 2022. Though there is no such ban in Morocco, rather a ban on the production, marketing, and sale of the burqa. Besides, a common misconception reigning people is that all non-Muslim countries around the world have banned the wearing of the burqa or niqab. Though the fact is not all non-Muslim countries banned the burqa or niqab and if any country did ban these garments, they might be fully banned or partially banned. So, FactWatch decided to prepare a fact-file regarding this issue to investigate the misinformation and common misconception extensively.

My Responsibilities and Tasks:

I was assigned to write a fact-file report for December 2022 regarding the misconceptions about the burqa and niqab ban around the world. My first task was to check if Morocco really banned the wearing of the burqa and niqab. My second task was to find out which countries in the world did ban the burqa or niqab and if they did what is the nature of the ban such as fully banned or partially banned. After checking all of these, my third task was to compile and arrange the necessary information regarding this issue. My final task was to write the report and send it to the editor to edit if needed.

My Report:

মরক্কো এবং পৃথিবীর অন্যান্য দেশে বোরকা বা নিকাব নিষিদ্ধের দাবিগুলো কতটুকু সঠিক?

প্রস্তাবনা:

সম্প্রতি কাতার ২০২২ বিশ্বকাপে মরক্কো ফেভারিট দলগুলোর সাথে ভালো খেলেছে এবং বিশ্বকাপের সেমিফাইনাল নিশ্চিত করেছে। উত্তর আফ্রিকার এই মুসলিম দেশটির ভালো পারফরম্যান্সে বাংলাদেশেও মরক্কোর জন্য ফুটবল ফ্যানদের সাপোর্ট দিতে দেখা গিয়েছে। তারা সামাজিক মাধ্যমে বিভিন্ন পোস্ট শেয়ার করে মরক্কোকে অভিনন্দন জানিয়েছেন। তবে, একটা বিষয় পোস্টগুলোতে লক্ষ্য করা গিয়েছে যে, পোস্টকারীরা দাবি করছেন মরক্কো একটি মুসলিম দেশ হয়েও সেখানে বোরকা-নিকাব পরিধান করা আইনত নিষিদ্ধ। এমন কিছু পোস্টের নমুনা দেখুন এখানে, এখানে, এবং এখানে। কিন্তু মরক্কোতে কি আদৌ বোরকা ও নিকাব পরিধান আইন করে নিষিদ্ধ করা হয়েছে? পৃথিবীর কোন কোন বোরকা পরিধান নিষিদ্ধ? নিষিদ্ধ হলেও সেটি কি আংশিক বা পুরোপুরি নিষিদ্ধ? এই প্রশ্নগুলোর উত্তর খুঁজতে গিয়ে আমরা জানতে পেরেছি যে, মরক্কোতে বোরকা পরিধান নিষিদ্ধ নয় বরং বোরকা বিক্রয় এবং বাজারজাত নিষিদ্ধ এবং পৃথিবীর বেশকিছু দেশে বোরকা পরিধান ক্ষেত্রবিশেষে কোথাও পুরোপুরি নিষিদ্ধ আবার কোথাও আংশিক নিষিদ্ধ। এই বিষয়গুলো নিয়ে আমাদের ডিসেম্বর মাসের ফ্যাক্ট-ফাইলটি তৈরি করেছেন মোহাম্মদ আরাফাত।

বোরকা, নিকাব, এবং হিজাব এর মধ্যে পার্থক্য কি?

আলোচনার সুবিধার্থে আমরা প্রথমেই দেখে নিই বোরকা, নিকাব, এবং হিজাব - এই তিনধরণের পোশাকের মধ্যে পার্থক্য কি।

বোরকা: বোরকার ব্যবহার অন্যসকল মুসলিম পোশাকগুলোর মধ্যে সবচেয়ে বেশি যা পুরো শরীরকে পা থেকে মাথা পর্যন্ত ঢেকে রাখে। শুধু চোখের দিকে জালের মতো আবরণ থাকে যার মাধ্যমে বোরকা পরিধানকারী বাহিরের সবকিছু দেখতে পায়।

নিকাব: নিকাব হচ্ছে এমন একটি পোশাক যা পুরো মুখমন্ডলকে ঢেকে রাখে এবং শুধু চোখদুটো অনাবৃত রাখে।

হিজাব: হিজাব হচ্ছে হেডস্কার্ফের মতো একটি পোশাক যা এর ব্যবহারকারীর মাথা, কান, গলা, এবং বুক পর্যন্ত ঢেকে রাখে।

মরক্কোতে বোরকা পরিধান করা কি আইনত নিষিদ্ধ?

১০ই জানুয়ারি, ২০১৭ এ নিউ ইয়র্ক টাইমস, আল-জাজিরা, এবং বিবিসি - তে প্রকাশিত সংবাদ মারফত জানা গিয়েছে যে মরক্কোতে বোরকা বিক্রয় এর উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। নিরাপত্তাজনিত উদ্বেগের কারণে মরক্কোর কর্তৃপক্ষ বোরকা বিক্রয় এবং বাজারজাত করার উপর নিষেধাজ্ঞা জারি করার সিদ্ধান্তটি নেয় বলে জানানো হয়েছে উক্ত সংবাদগুলোতে। মরক্কোতে বোরকা বিক্রয়ের নিষেধাজ্ঞা নিয়ে যারা উদ্বেগ প্রকাশ করেছেন তারা আশংকা করছেন যে এই নিষেধাজ্ঞা বোরকা এবং নিকাব পরিধানের উপরও আরোপ করা হয় কিনা। তবে, মরক্কোর কর্তৃপক্ষ এই ব্যাপারে পরবর্তীতে স্পষ্ট কোন কিছু জানায়নি। নিরাপত্তাজনিত উদ্বেগের দোহাই দিয়ে বোরকা বিক্রয়ের উপর নিষেধাজ্ঞা জারি করার সিদ্ধান্তটিকে অনেকে উড়িয়ে দিয়েছেন। দি কনভারসেশন এর মতে, মরক্কোতে বোরকা উৎপাদন এবং বিক্রয় এর উপর নিষেধাজ্ঞার সিদ্ধান্ত কেবল নিরাপত্তাজনিত উদ্বেগের কারণে নয় বরং মরক্কোতে সালাফিস্ট ইসলামের দ্রুত প্রসার দেশটির নরমপন্থী সরকারের চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছিলো এবং তারা মনে করেছিলো বোরকার উপর নিষেধাজ্ঞা জারি করা হলে চরমপন্থী ইসলামের প্রকাশ কিছুটা ব্যাহত হবে। অন্যদিকে, যারা মরক্কোতে বোরকা উৎপাদন, বিক্রয়, এবং বাজারজাত এর উপর নিষেধাজ্ঞাকে স্বাগতম জানিয়েছিলেন তাদের মতে বোরকা মরক্কোর নিজস্ব সংস্কৃতি নয় বরং এটি একটি বিদেশী সংস্কৃতি। মরক্কোর বেশিরভাগ নারীই হিজাব বা হেডস্কার্ফ পরিধান করতে পছন্দ করেন। টাইমস অব ইন্ডিয়া এর একটি প্রতিবেদন অনুযায়ী, বোরকা হচ্ছে গাল্ফ আরব বা পূর্ব অ্যারাবিয়ার সংস্কৃতির একটি অংশ এবং ওয়াহাবিজম এর প্রসারের কারণে অন্যান্য মুসলিম কমিউনিটিগুলোতে বোরকার ব্যবহার দৃষ্টিগোচর হয়েছে। যেহেতু মরক্কোর ইসলাম চর্চা মধ্যপন্থী এবং সুফি ধারায় প্রভাবিত, সেই হিসেবে বোরকা এখানে একটি বহিরাগত সংস্কৃতিই। ২রা জুন, ২০২২ এ ইউ.এস. ডিপার্টমেন্ট অব স্টেট থেকে প্রকাশিত ইন্টারন্যাশনাল রিলিজিয়াস ফ্রিডম ২০২১: মরক্কো শীর্ষক একটি প্রতিবেদনে দেখা গিয়েছে যে, মরক্কোতে ২০১৭ সালে বোরকার আমদানি, উৎপাদন, এবং বিক্রয়ের উপর দেওয়া নিষেধাজ্ঞা কাউকে বোরকা পরিধান বা ব্যক্তিগত ব্যবহারের জন্য ঘরে বোরকা তৈরি থেকে বিরত রাখতে পারেনি।

পৃথিবীর কোন কোন দেশে বোরকা নিষিদ্ধ?

পৃথিবীর আর কোন কোন দেশে বোরকা নিষিদ্ধ তা অনুসন্ধান করতে গিয়ে আমরা উইকিপিডিয়া, ডয়চে ভেলে, এবং ইন্ডিয়া টুডে এর বেশকিছু তালিকা খুঁজে পাই। উক্ত তালিকাগুলো থেকে আমরা জানতে পারি পৃথিবীর বেশ কয়েকটি দেশে বোরকা পরিধান কোথাও পুরোপুরি নিষিদ্ধ এবং কোথাও আংশিক নিষিদ্ধ বা পুরো একটি দেশে নয় বরং অঞ্চলভেদে নিষিদ্ধ। এখন আমরা দেখবো পৃথিবীর কোন কোন দেশে বোরকা নিষিদ্ধ কেমন অবস্থায় আছে।

পৃথিবীর যেসকল দেশগুলোতে বোরকা পরিধান পুরোপুরি নিষিদ্ধ:

ফ্রান্স: প্রথম ইউরোপীয় দেশ হিসেবে ফ্রান্স ২০১০ সালে পাবলিক প্লেসে বোরকা বা নিকাব পরিধান এর উপর নিষেধাজ্ঞা জারি করে এবং নিষেধাজ্ঞা অমান্য করলে জরিমানা ধার্যের আইন কার্যকর করে। বোরকা নিষেধাজ্ঞা এর ব্যাপারে যাতে কোন ধর্ম-ভিত্তিক বৈষম্যের অভিযোগ না উঠে সেজন্য আইনে সরাসরি বোরকা পরিধান নিষিদ্ধ না বলে বলা হয়েছে, "জনসমাবেশে এমন কোন পোশাক কেউই পরিধান করতে পারবে না যা কিনা পুরো মুখমন্ডলকে ঢেকে রাখে।" তাছাড়া, ফ্রান্সে ২০০৪ সাল থেকেই স্কুলে হেডস্কার্ফসহ যেকোন ধরণের ধর্মীয় পোশাক পরিধান করা নিষিদ্ধ।

বেলজিয়াম: ফ্রান্সের পরে ২০১১ সালে বেলজিয়াম পাবলিক প্লেসে মুখমন্ডল ঢেকে রাখে এমন যেকোন পোশাকের উপর নিষেধাজ্ঞা আরোপ করে এবং যে কেউ এই আইন ভঙ্গ করলে তার জেল-জরিমানা হতে পারে। ২০১৭ সালে দুইজন মুসলিম নারী আদালতে অভিযোগ করেন যে বেলজিয়ামের বোরকা নিষেধাজ্ঞার সিদ্ধান্ত তাদের অধিকার লঙ্ঘন করছে এবং সেই অভিযোগের ভিত্তিতে ইউরোপিয়ান কোর্ট অব হিউম্যান রাইটস এই রায় দেয় যে পুরো মুখ ঢেকে রাখে এমন কোন পোশাক কারও অধিকার লঙ্ঘন করেনি এবং বেলজিয়ামের বোরকা পরিধান এর উপর আরোপিত নিষেধাজ্ঞা অব্যাহত রাখার সিদ্ধান্ত নেয়।

বুলগেরিয়া: বুলগেরিয়ার পার্লামেন্ট ২০১৬ সালে পাবলিক প্লেসে বোরকা ও নিকাব পরিধানের উপর নিষেধাজ্ঞা জারি করে। বোরকা নিষেধাজ্ঞার এই আইনের অধীনে সরকারি অফিস, স্কুল, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, এবং বিনোদন কেন্দ্রে পুরো মুখ ঢেকে রাখে এমন পোশাক পরিধান করা যাবে না। তবে, এই নিষেধাজ্ঞা খেলার মাঠ, কর্মক্ষেত্র, এবং ধর্মীয় উপাচারের সময় কার্যকর হবে না। বুলগেরিয়ার এই বোরকা নিষেধাজ্ঞা নিয়ে মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল

বলে যে এই নিষেধাজ্ঞা বুলগেরিয়ার নারীদের মতপ্রকাশের স্বাধীনতা এবং ধর্মীয় অধিকারকে লঙ্ঘন করেছে। সংস্থাটির ইউরোপ জোনের পরিচালক জন ডালহৌস বলেন যে, "সার্বজনীন নিষেধাজ্ঞা না দিয়ে সর্বোচ্চ ঝুঁকি রয়েছে কেবল এমন জায়গাগুলোতে পুরো মুখমন্ডল ঢেকে রাখা পোশাকের ব্যবহার সীমাবদ্ধ করে দেওয়া যেতো।"

ডেনমার্ক: ডেনমার্কের পার্লামেন্ট ২০১৮ সালে ৭৫-৩০ ভোটের ব্যবধানে পাবলিক প্লেসে মুখ ঢেকে রাখে এমন যেকোন পোশাক পরিধানের উপর নিষেধাজ্ঞা আইন পাস করে যা একই বছরের আগস্ট মাস থেকে কার্যকর হয়। সম্পূর্ণ মুখ ঢেকে রাখে এমন যেসকল পোশাকের উপর নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে তার মধ্যে নিকাব, স্কি মাস্ক, ফেস মাস্ক, এবং নকল শ্মশ্রুও অন্তর্ভুক্ত হবে। স্কার্ফ, মোটরসাইকেলের হেলমেট, এবং বিভিন্ন উৎসবে ব্যবহার করা হয় এমন কোন মাস্ক বা মুখোশ এই নিষেধাজ্ঞার অধীনে পড়বে না। সমালোচকরা এই বোরকা পরিধান এর উপর আরোপিত নিষেধাজ্ঞাকে বিভিন্ন ইউরোপিয়ান দেশগুলোতে ক্রমবর্ধমান ইসলামফোবিয়া এর প্রকাশ হিসেবে দেখছে।

সুইজারল্যান্ড: ইউরোপের সর্বশেষ দেশ হিসেবে সুইজারল্যান্ড ২০২১ সালে একটি গণভোটের মাধ্যমে পাবলিক প্লেসে বোরকা বা নিকাব পরিধান এর উপর নিষেধাজ্ঞা আরোপ করে যেখানে শতকরা ৫১ জন সুইস ভোটার বোরকা নিষেধাজ্ঞা এর পক্ষে ভোট দেয়। তবে, স্বাস্থ্য এবং নিরাপত্তাজনিত কারণে, যেমন: কোভিড-১৯ এর জন্য ফেস মাস্ক এর ব্যবহার এই নিষেধাজ্ঞার মধ্যে পড়বে না। তাছাড়া, পুরো মুখ ঢেকে রাখে এমন পোশাক উপাসনালয়ে এবং স্থানীয় উৎসব এর সময় ব্যবহার করা যাবে। গত ১২ই অক্টোবর, ২০২২ এ সুইস সরকার এই নিষেধাজ্ঞা অমান্যকারীদের জন্য জরিমানা ধার্যের প্রস্তাব পাঠায় পার্লামেন্টে। বিভিন্ন মানবাধিকার সংস্থা এবং সমালোচকরা এই নিষেধাজ্ঞাকে নারীদের মতপ্রকাশের স্বাধীনতা এবং ধর্মীয় অধিকারের অন্তরায় বলে মনে করেন।

উপরোক্ত দেশগুলো ছাড়াও ইউরোপ, এশিয়া, এবং আফ্রিকার আরও অন্যান্য দেশে বোরকা পরিধান পুরোপুরি নিষিদ্ধ করা হয়েছে। যেমন: অস্ট্রিয়া, নেদারল্যান্ডস, ইতালি, চাদ, কঙ্গো, গ্যাবন, এবং শ্রীলঙ্কা।

যেসকল জায়গায় বোরকা বা নিকাব পরিধান আংশিক বা অঞ্চলভেদে নিষিদ্ধ:
পুরো জার্মানিতে বোরকা পরিধান নিষিদ্ধ না হলেও দেশটির বিভিন্ন স্টেট বা অঞ্চলে বোরকা নিষিদ্ধ করা হয়েছে। জার্মানির বাভারিয়া অঞ্চলে ২০১৭ সালে পাবলিক স্পেসে মুখ ঢেকে রাখা

পর্দার (বোরকা) ব্যবহার নিষিদ্ধ করা হয়। এই আইনের আওতায় সিভিল সার্ভিস, বিশ্ববিদ্যালয়, স্কুল, কিন্ডারগার্টেন, এবং নির্বাচনের সময় পুরো মুখ ঢেকে রাখে এমন যেকোন পোশাক পরিধান নিষিদ্ধ করা হয়েছে। এর আগে ২০১৬ সালে কোর্টরুমে বোরকা এবং নিকাব পরিধানের উপর নিষেধাজ্ঞা আনতে জার্মানির ফেডারেল কাউন্সিল বুন্দেসরাত (Bundesrat) এর কাছে একটি নতুন প্রস্তাব পাঠায় বাভারিয়া স্টেট কর্তৃপক্ষ। নতুন এই প্রস্তাবনায় উল্লেখ করা হয় যে, সাক্ষীর নির্ভরযোগ্যতা আদালতের সামনে তুলে ধরতে তাদের অবশ্যই মুখ ঢেকে রাখে এমন পোশাক পরিধান করা যাবে না।

২০১৭ সালে বুন্দেসরাত গাড়ি চালকদের মুখ ঢেকে রাখে এমন সকল পোশাক পরিধান করে গাড়ি চালানো থেকে বিরত রাখতে একটি নিষেধাজ্ঞা জারি করে। জার্মানির ফেডারেল কাউন্সিল, বুন্দেসরাতের একটি অফিসিয়াল টুইটার পেইজ থেকে এই নিষেধাজ্ঞা সম্পর্কে বলা হয় যে, চালকের পরিচয় যাতে সুষ্ঠুভাবে নির্ধারণ করা যায় তাই পুরো মুখ ঢেকে রাখা যাবে না। যে কেউ চালকের আসনে বসে এই আইন লঙ্ঘন করলে তার জন্য জরিমানা ধার্যের নিয়ম রয়েছে।

তাছাড়া, ২০১৭ সালে জার্মানির ফেডারেল পার্লামেন্ট বুন্দেসতাগ (Bundestag) সরকারি কর্মকর্তা-কর্মচারীদের পুরো মুখমন্ডল ঢেকে রাখে এমন কোন পর্দা পরিধান থেকে বিরত রাখতে একটি খসড়া আইন অনুমোদন করে। উক্ত আইনের আওতায় যেকোন সরকারি কর্মকর্তা, বিচারক, এবং সৈন্যদের পুরো মুখ ঢেকে রাখে এমন যেকোন ইসলামিক পোশাক পরিধান নিষিদ্ধ করা হয়। জার্মানির তৎকালীন ক্ষমতাসীন জোট এই আইনের ব্যাপারে একটি বিবৃতিতে বলে যে, রাষ্ট্রীয় কর্মকর্তাদের যে নিরপেক্ষতা বজায় রাখতে হয় তা পুরো মুখ ঢেকে রাখা ব্যাপারটির সাথে সাংঘর্ষিক হয়।

অপরদিকে, চীন ২০১৭ সালে শিনজিয়াং নামক একটি মুসলিম প্রদেশে বোরকা এবং 'অস্বাভাবিক' শ্মশ্রু এর উপর একটি নিষেধাজ্ঞা আরোপ করে। নতুন এই আইনে বিমানবন্দর, রেলস্টেশন, এবং অন্যান্য পাবলিক প্লেসে কর্মরত সরকারি কর্মচারীদের বলা হয়েছে যদি কোন নারী তাদের পুরো মুখ এবং শরীর ঢেকে আসে তাহলে তাদেরকে উক্ত স্থানগুলোতে প্রবেশ করা থেকে নিরস্ত করতে। উক্ত আইনে আরও নিষিদ্ধ করা হয়েছে যে, কোন 'অস্বাভাবিক' শ্মশ্রু পরিচর্যা করা যাবে না (এখানে মূলত মুসলিমরা যে সুন্নতি শ্মশ্রু রাখেন তার কথা বলা হয়েছে)। উপরোক্ত এই নিষেধাজ্ঞাগুলো গত কয়েক দশকে চীনের শিনজিয়াং প্রদেশে ১০ মিলিয়ন উইঘুর জনসংখ্যার বিরুদ্ধে জাতিগত ও ধর্মীয় বৈষম্যকে অনুসরণ করে।

তবে, যুক্তরাষ্ট্র, কানাডা, স্পেন, প্রভৃতি দেশগুলোতে বোরকা পরিধান নিষিদ্ধ নয় এবং উক্ত দেশগুলোতে বোরকা নিষিদ্ধ করা হলেও পরবর্তীতে আদালত সেই নিষেধাজ্ঞাগুলো উঠিয়ে নেয়। তাছাড়া, বিভিন্ন আরব দেশগুলোতে বোরকা পরিধান নিষিদ্ধ নয়।

সিদ্ধান্ত:

পুরো আলোচনাটি থেকে আমরা এই সিদ্ধান্তে এসেছি যে, মরক্কোতে বোরকা, নিকাব বা হিজাব পরিধান নিষিদ্ধ নয় বরং এগুলোর উৎপাদন, বাজারজাত, এবং বিক্রয় নিষিদ্ধ। তাছাড়া, পৃথিবীর সকল দেশেই যে বোরকা বা নিকাব পরিধান নিষিদ্ধ - এই ধারণাটি সঠিক নয় বরং কোন কোন দেশে বোরকা বা নিকাব পরিধান আইনত পুরোপুরি নিষিদ্ধ, কোথাও সেটি আংশিক বা অঞ্চলভেদে নিষিদ্ধ, এবং কোন কোন দেশে বোরকা বা নিকাব পরিধানের উপর কোন বাধাই নেই। অতএব, সামাজিক মাধ্যমে এই সংক্রান্ত দাবিগুলো কিছুটা বিভ্রান্তিকর।

Edited Report:

মরক্কো এবং বিভিন্ন দেশে বোরকা বা নিকাব নিষিদ্ধের দাবিগুলো কতটুকু সঠিক?

প্রস্তাবনা:

সম্প্রতি কাতার ২০২২ বিশ্বকাপে মরক্কো ফেভারিট দলগুলোর সাথে ভালো খেলেছে এবং বিশ্বকাপের সেমিফাইনাল নিশ্চিত করেছে। উত্তর আফ্রিকার এই মুসলিম দেশটির ভালো পারফরম্যান্সে বাংলাদেশেও মরক্কোর জন্য ফুটবল ফ্যানদের সাপোর্ট দিতে দেখা গিয়েছে। তারা সামাজিক মাধ্যমে বিভিন্ন পোস্ট শেয়ার করে মরক্কোকে অভিনন্দন জানিয়েছেন। তবে, একটা বিষয় পোস্টগুলোতে লক্ষ্য করা গিয়েছে যে, পোস্টকারীরা দাবি করছেন মরক্কো একটি মুসলিম দেশ হয়েও সেখানে বোরকা-নিকাব পরিধান করা আইনত নিষিদ্ধ। এমন কিছু পোস্টের নমুনা দেখুন এখানে, এখানে, এবং এখানে।

কিন্তু মরক্কোতে কি আদৌ বোরকা ও নিকাব পরিধান আইন করে নিষিদ্ধ করা হয়েছে? পৃথিবীর কোন কোন বোরকা পরিধান নিষিদ্ধ? নিষিদ্ধ হলেও সেটি কি আংশিক বা পুরোপুরি নিষিদ্ধ? এই প্রশ্নগুলোর উত্তর খুঁজতে গিয়ে আমরা জানতে পেরেছি যে, মরক্কোতে বোরকা-পরা নিষিদ্ধ নয় বরং বোরকা বিক্রয় এবং বাজারজাত নিষিদ্ধ এবং পৃথিবীর বেশকিছু দেশে বোরকা-পরা ক্ষেত্রবিশেষে পুরোপুরি নিষিদ্ধ আবার কোথাও আংশিক নিষিদ্ধ। এই বিষয়গুলো নিয়ে আমাদের ডিসেম্বর মাসের ফ্যাক্ট-ফাইলটি তৈরি করেছেন মোহাম্মদ আরাফাত।

বোরকা, নিকাব, এবং হিজাব এর মধ্যে পার্থক্য কি?

আলোচনার সুবিধার্থে আমরা প্রথমেই দেখে নিই বোরকা, নিকাব, এবং হিজাব - এই তিন ধরণের পোশাকের মধ্যে পার্থক্য কি।

বোরকা: বোরকার ব্যবহার অন্যসকল মুসলিম পোশাকগুলোর মধ্যে সবচেয়ে বেশি যা পুরো শরীরকে পা থেকে মাথা পর্যন্ত ঢেকে রাখে। শুধু চোখের দিকে জালের মতো আবরণ থাকে যার মাধ্যমে বোরকা পরিধানকারী বাহিরের সবকিছু দেখতে পায়।

নিকাব: নিকাব হচ্ছে এমন একটি পোশাক যা পুরো মুখমন্ডলকে ঢেকে রাখে এবং শুধু চোখদুটো অনাবৃত রাখে।

হিজাব: হিজাব হচ্ছে হেডস্কার্ফের মতো একটি পোশাক যা এর ব্যবহারকারীর মাথা, কান, গলা, এবং বুক পর্যন্ত ঢেকে রাখে।

মরক্কোতে বোরকা পরিধান করা কি আইনত নিষিদ্ধ?

১০ই জানুয়ারি, ২০১৭ এ নিউ ইয়র্ক টাইমস, আল-জাজিরা, **এবং** বিবিসি - তে প্রকাশিত সংবাদ মারফত জানা গিয়েছে যে মরক্কোতে বোরকা বিক্রয় এর উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। নিরাপত্তাজনিত উদ্বেগের কারণে মরক্কোর কর্তৃপক্ষ বোরকা বিক্রয় এবং বাজারজাত করার উপর নিষেধাজ্ঞা জারি করার সিদ্ধান্তটি নেয় বলে জানানো হয়েছে উক্ত সংবাদগুলোতে। মরক্কোতে বোরকা বিক্রয়ের নিষেধাজ্ঞা নিয়ে যারা উদ্বেগ প্রকাশ করেছেন তারা আশংকা করছেন যে এই নিষেধাজ্ঞা বোরকা এবং নিকাব পরিধানের উপরও আরোপ করা হয় কিনা। তবে, মরক্কোর কর্তৃপক্ষ এই ব্যাপারে পরবর্তীতে স্পষ্ট কোন কিছু জানায়নি। নিরাপত্তাজনিত উদ্বেগের দোহাই দিয়ে বোরকা বিক্রয়ের উপর নিষেধাজ্ঞা জারি করার সিদ্ধান্তটিকে অনেকে উড়িয়ে দিয়েছেন। দি কনভারসেশন এর মতে, মরক্কোতে বোরকা উৎপাদন এবং বিক্রয় এর উপর নিষেধাজ্ঞার সিদ্ধান্ত কেবল নিরাপত্তাজনিত উদ্বেগের কারণে নয় বরং মরক্কোতে সালাফিস্ট ইসলামের দ্রুত প্রসার দেশটির নরমপন্থী সরকারের চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছিলো এবং তারা মনে করেছিলো বোরকার উপর নিষেধাজ্ঞা জারি করা হলে চরমপন্থী ইসলামের প্রকাশ কিছুটা ব্যাহত হবে। অন্যদিকে, যারা মরক্কোতে বোরকা উৎপাদন, বিক্রয়, এবং বাজারজাত এর উপর নিষেধাজ্ঞাকে স্বাগতম জানিয়েছিলেন তাদের মতে বোরকা মরক্কোর নিজস্ব সংস্কৃতি নয় বরং এটি একটি বিদেশী সংস্কৃতি। মরক্কোর বেশিরভাগ নারীই হিজাব বা হেডস্কার্ফ পরিধান করতে পছন্দ করেন। টাইমস অব ইন্ডিয়া **এর একটি প্রতিবেদন অনুযায়ী, বোরকা হচ্ছে গাল্ফ আরব বা পূর্ব আরাবিয়ার সংস্কৃতির একটি অংশ এবং** ওয়াহাবিজম এর প্রসারের কারণে অন্যান্য মুসলিম কমিউনিটিগুলোতে বোরকার ব্যবহার দৃষ্টিগোচর হয়েছে। যেহেতু মরক্কোর ইসলাম চর্চা মধ্যপন্থী এবং সুফি ধারায় প্রভাবিত, সেই হিসেবে বোরকা এখানে একটি বহিরাগত সংস্কৃতিই। ২রা জুন, ২০২২ এ ইউ.এস. ডিপার্টমেন্ট অব স্টেট থেকে প্রকাশিত ইন্টারন্যাশনাল রিলিজিয়াস ফ্রিডম ২০২১: মরক্কো শীর্ষক একটি প্রতিবেদনে দেখা গিয়েছে যে, মরক্কোতে ২০১৭ সালে বোরকার আমদানি, উৎপাদন, এবং বিক্রয়ের উপর দেওয়া নিষেধাজ্ঞা কাউকে বোরকা পরিধান বা ব্যক্তিগত ব্যবহারের জন্য ঘরে বোরকা তৈরি থেকে বিরত রাখতে পারেনি।

পৃথিবীর কোন কোন দেশে বোরকা নিষিদ্ধ?

পৃথিবীর আর কোন কোন দেশে বোরকা নিষিদ্ধ তা অনুসন্ধান করতে গিয়ে আমরা উইকিপিডিয়া, ডয়চে ভেলে**, এবং** ইন্ডিয়া টুডে এর বেশকিছু তালিকা খুঁজে পাই। উক্ত তালিকাগুলো থেকে আমরা জানতে পারি পৃথিবীর বেশ কয়েকটি দেশে বোরকা পরিধান কোথাও পুরোপুরি নিষিদ্ধ এবং কোথাও আংশিক নিষিদ্ধ বা পুরো একটি দেশে নয় বরং অঞ্চলভেদে নিষিদ্ধ। এখন আমরা দেখবো পৃথিবীর কোন কোন দেশে বোরকা নিষিদ্ধ কেমন অবস্থায় আছে।

পৃথিবীর যেসকল দেশে বোরকা-পরা পুরোপুরি নিষিদ্ধ:

ফ্রান্স: প্রথম ইউরোপীয় দেশ হিসেবে ফ্রান্স ২০১০ সালে পাবলিক প্লেসে বোরকা বা নিকাব পরিধান এর উপর নিষেধাজ্ঞা জারি করে এবং নিষেধাজ্ঞা অমান্য করলে জরিমানা ধার্যের আইন কার্যকর করে। বোরকা নিষেধাজ্ঞা এর ব্যাপারে যাতে কোন ধর্ম-ভিত্তিক বৈষম্যের অভিযোগ না উঠে সেজন্য আইনে সরাসরি বোরকা পরিধান নিষিদ্ধ না বলে বলা হয়েছে, "জনসমাবেশে এমন কোন পোশাক কেউই পরিধান করতে পারবে না যা কিনা পুরো মুখমন্ডলকে ঢেকে রাখে।" তাছাড়া, ফ্রান্সে ২০০৪ সাল থেকেই স্কুলে হেডস্কার্ফসহ যেকোন ধরণের ধর্মীয় পোশাক পরিধান করা নিষিদ্ধ।

বেলজিয়াম: ফ্রান্সের পরে ২০১১ সালে বেলজিয়াম পাবলিক প্লেসে মুখমন্ডল ঢেকে রাখে এমন যেকোন পোশাকের উপর নিষেধাজ্ঞা আরোপ করে এবং যে কেউ এই আইন ভঙ্গ করলে তার জেল-জরিমানা হতে পারে। ২০১৭ সালে দুইজন মুসলিম নারী আদালতে অভিযোগ করেন যে বেলজিয়ামের বোরকা নিষেধাজ্ঞার সিদ্ধান্ত তাদের অধিকার লঙ্ঘন করছে এবং সেই অভিযোগের ভিত্তিতে ইউরোপিয়ান কোর্ট অব হিউম্যান রাইটস এই রায় দেয় যে পুরো মুখ ঢেকে রাখে এমন কোন পোশাক কারও অধিকার লঙ্ঘন করেনি এবং বেলজিয়ামের বোরকা পরিধান এর উপর আরোপিত নিষেধাজ্ঞা অব্যাহত রাখার সিদ্ধান্ত নেয়।

বুলগেরিয়া: বুলগেরিয়ার পার্লামেন্ট ২০১৬ সালে পাবলিক প্লেসে বোরকা ও নিকাব পরিধানের উপর নিষেধাজ্ঞা জারি করে। বোরকা নিষেধাজ্ঞার এই আইনের অধীনে সরকারি অফিস, স্কুল, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, এবং বিনোদন কেন্দ্রে পুরো মুখ ঢেকে রাখে এমন পোশাক পরিধান করা

যাবে না। তবে, এই নিষেধাজ্ঞা খেলার মাঠ, কর্মক্ষেত্র, এবং ধর্মীয় উপাচারের সময় কার্যকর হবে না। বুলগেরিয়ার এই বোরকা নিষেধাজ্ঞা নিয়ে মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল বলে যে এই নিষেধাজ্ঞা বুলগেরিয়ার নারীদের মতপ্রকাশের স্বাধীনতা এবং ধর্মীয় অধিকারকে লঙ্ঘন করেছে। সংস্থাটির ইউরোপ জোনের পরিচালক জন ডালহৌস বলেন যে, "সার্বজনীন নিষেধাজ্ঞা না দিয়ে সর্বোচ্চ ঝুঁকি রয়েছে কেবল এমন জায়গাগুলোতে পুরো মুখমন্ডল ঢেকে রাখা পোশাকের ব্যবহার সীমাবদ্ধ করে দেওয়া যেতো।"

ডেনমার্ক: ডেনমার্কের পার্লামেন্ট ২০১৮ সালে ৭৫-৩০ ভোটের ব্যবধানে পাবলিক প্লেসে মুখ ঢেকে রাখে এমন যেকোন পোশাক পরিধানের উপর নিষেধাজ্ঞা আইন পাস করে যা একই বছরের আগস্ট মাস থেকে কার্যকর হয়। সম্পূর্ণ মুখ ঢেকে রাখে এমন যেসকল পোশাকের উপর নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে তার মধ্যে নিকাব, স্কি মাস্ক, ফেস মাস্ক, এবং নকল শ্মশ্রুও অন্তর্ভুক্ত হবে। তবে স্কার্ফ, মোটরসাইকেলের হেলমেট, এবং বিভিন্ন উৎসবে ব্যবহার করা হয় এমন কোন মাস্ক বা মুখোশ এই নিষেধাজ্ঞার অধীনে পড়বে না। সমালোচকরা এই বোরকা পরিধান এর উপর আরোপিত নিষেধাজ্ঞাকে বিভিন্ন ইউরোপিয়ান দেশগুলোতে ক্রমবর্ধমান ইসলামফোবিয়া এর প্রকাশ হিসেবে দেখছে।

সুইজারল্যান্ড: ইউরোপের সর্বশেষ দেশ হিসেবে সুইজারল্যান্ড ২০২১ সালে একটি গণভোটের মাধ্যমে পাবলিক প্লেসে বোরকা বা নিকাব পরিধান এর উপর নিষেধাজ্ঞা আরোপ করে যেখানে শতকরা ৫১ জন সুইস ভোটার বোরকা নিষেধাজ্ঞা এর পক্ষে ভোট দেয়। তবে, স্বাস্থ্য এবং নিরাপত্তাজনিত কারণে, যেমন: কোভিড-১৯ এর জন্য ফেস মাস্ক এর ব্যবহার এই নিষেধাজ্ঞার মধ্যে পড়বে না। তাছাড়া, পুরো মুখ ঢেকে রাখে এমন পোশাক উপাসনালয়ে এবং স্থানীয় উৎসব এর সময় ব্যবহার করা যাবে। গত ১২ই অক্টোবর, ২০২২ এ সুইস সরকার এই নিষেধাজ্ঞা অমান্যকারীদের জন্য জরিমানা ধার্যের প্রস্তাব পাঠায় পার্লামেন্টে। বিভিন্ন মানবাধিকার সংস্থা এবং সমালোচকরা এই নিষেধাজ্ঞাকে নারীদের মতপ্রকাশের স্বাধীনতা এবং ধর্মীয় অধিকারের অন্তরায় বলে মনে করেন।

উপরোক্ত দেশগুলো ছাড়াও ইউরোপ, এশিয়া, এবং আফ্রিকার আরও অন্যান্য দেশে বোরকা পরিধান পুরোপুরি নিষিদ্ধ করা হয়েছে। যেমন: অস্ট্রিয়া, নেদারল্যান্ডস, ইতালি, চাদ, কঙ্গো, গ্যাবন, এবং শ্রীলঙ্কা।

যেসকল জায়গায় বোরকা বা নিকাব পরিধান আংশিক বা অঞ্চলভেদে নিষিদ্ধ:

পুরো জার্মানিতে বোরকা পরিধান নিষিদ্ধ না হলেও দেশটির বিভিন্ন স্টেট বা অঞ্চলে বোরকা নিষিদ্ধ করা হয়েছে। জার্মানির বাভারিয়া অঞ্চলে ২০১৭ সালে পাবলিক স্পেসে মুখ ঢেকে রাখা পর্দার (বোরকা) ব্যবহার নিষিদ্ধ করা হয়। এই আইনের আওতায় সিভিল সার্ভিস, বিশ্ববিদ্যালয়, স্কুল, কিন্ডারগার্টেন, এবং নির্বাচনের সময় পুরো মুখ ঢেকে রাখে এমন যেকোন পোশাক পরিধান নিষিদ্ধ করা হয়েছে। এর আগে ২০১৬ সালে **কোর্টরুমে বোরকা এবং নিকাব পরিধানের উপর নিষেধাজ্ঞা আনতে জার্মানির ফেডারেল কাউন্সিল** বুন্দেসরাত (Bundesrat) এর কাছে একটি নতুন প্রস্তাব পাঠায় বাভারিয়া স্টেট কর্তৃপক্ষ। নতুন এই প্রস্তাবনায় উল্লেখ করা হয় যে, সাক্ষীর নির্ভরযোগ্যতা আদালতের সামনে তুলে ধরতে তাদের অবশ্যই মুখ ঢেকে রাখে এমন পোশাক পরিধান করা যাবে না।

২০১৭ সালে বুন্দেসরাত গাড়ি চালকদের মুখ ঢেকে রাখে এমন সকল পোশাক পরিধান করে গাড়ি চালানো থেকে বিরত রাখতে একটি নিষেধাজ্ঞা জারি করে। জার্মানির ফেডারেল কাউন্সিল, বুন্দেসরাতের একটি অফিসিয়াল টুইটার পেইজ থেকে এই নিষেধাজ্ঞা সম্পর্কে বলা হয় যে, চালকের পরিচয় যাতে সুষ্ঠুভাবে নির্ধারণ করা যায় তাই পুরো মুখ ঢেকে রাখা যাবে না। যে কেউ চালকের আসনে বসে এই আইন লঙ্ঘন করলে তার জন্য জরিমানা ধার্যের নিয়ম রয়েছে।

তাছাড়া, ২০১৭ সালে **জার্মানির ফেডারেল পার্লামেন্ট** বুন্দেসতাগ (Bundestag) সরকারি কর্মকর্তা-কর্মচারীদের পুরো মুখমন্ডল ঢেকে রাখে এমন কোন পর্দা পরিধান থেকে বিরত রাখতে একটি খসড়া আইন অনুমোদন করে। উক্ত আইনের আওতায় যেকোন সরকারি কর্মকর্তা, বিচারক, এবং সৈন্যদের পুরো মুখ ঢেকে রাখে এমন যেকোন ইসলামিক পোশাক পরিধান নিষিদ্ধ করা হয়। জার্মানির তৎকালীন ক্ষমতাসীন জোট এই আইনের ব্যাপারে একটি বিবৃতিতে বলে যে, রাষ্ট্রীয় কর্মকর্তাদের যে নিরপেক্ষতা বজায় রাখতে হয় তা পুরো মুখ ঢেকে রাখা ব্যাপারটির সাথে সাংঘর্ষিক হয়।

অপরদিকে, চীন ২০১৭ সালে শিনজিয়াং নামক একটি মুসলিম প্রদেশে বোরকা এবং 'অস্বাভাবিক' শ্মশ্রু এর উপর একটি নিষেধাজ্ঞা আরোপ করে। নতুন এই আইনে বিমানবন্দর, রেলস্টেশন, এবং অন্যান্য পাবলিক প্লেসে কর্মরত সরকারি কর্মচারীদের বলা হয়েছে যদি কোন নারী তাদের

পুরো মুখ এবং শরীর ঢেকে আসে তাহলে তাদেরকে উক্ত স্থানগুলোতে প্রবেশ করা থেকে নিরস্ত করতে। উক্ত আইনে আরও নিষিদ্ধ করা হয়েছে যে, কোন 'অস্বাভাবিক' শ্মশ্রু পরিচর্যা করা যাবে না (এখানে মূলত মুসলিমরা যে সুন্নতি শ্মশ্রু রাখেন তার কথা বলা হয়েছে)। উপরোক্ত এই নিষেধাজ্ঞাগুলো গত কয়েক দশকে চীনের শিনজিয়াং প্রদেশে ১০ মিলিয়ন উইঘুর জনসংখ্যার বিরুদ্ধে জাতিগত ও ধর্মীয় বৈষম্যকে অনুসরণ করে।

তবে, যুক্তরাষ্ট্র, কানাডা, স্পেন, প্রভৃতি দেশগুলোতে বোরকা পরিধান নিষিদ্ধ নয় এবং প্রথম প্রথম তা নিষিদ্ধ করা হলেও পরবর্তীতে আদালত সেই নিষেধাজ্ঞাগুলো উঠিয়ে নেয়। তাছাড়া, বিভিন্ন আরব দেশগুলোতে বোরকা পরিধান নিষিদ্ধ নয়।

সিদ্ধান্ত:

